# এনডিপি বার্তা

অক্টোবর-ডিসেম্বর, ২০২৪ । সংখ্যা ৪২ । বর্ষ ১৬

## সূচিপত্র


- পিকেএসএফ এর নতুন ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে এনডিপি'র শুভেচ্ছা ১
- আশা প্রকল্পের উদ্যোগে সিরাজগঞ্জে অন্তর্ভুক্তিমূলক শিক্ষা
- সিবিএফ'এর পার্টনার্স লার্নিং শেয়ারিং ওয়ার্কশপে এনডিপি'র অংশ গ্রহণ
- উপ সচিব কর্তৃক আইসিভিজিডি-২য় পর্যায় প্রকল্পের কার্যক্রম পরিদর্শন ২
- এমফোরসি প্রকল্পের সমাপনী অনুষ্ঠান
- মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি কর্তৃক কার্যক্রম পরিদর্শন
- প্রতিবন্ধিতা ও উন্নয়ন কর্মসূচির উদ্যোগে ট্রাই-সাইকেল প্রদান ৩
- আলোকিত গ্রাম কর্মসূচীর আওতায় প্রতিবন্ধী ব্যাক্তিকে সহায়তা প্রদান
- নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির মূল্য কমানোর দাবিতে স্মারকলিপি প্রদান
- এক নজরে ঋণ সহায়তা কর্মসূচির অগ্রগতি ৪
- আরএমটিপি প্রকল্পের 'ভেল্যু চেইন এন্ড পার্টনারশিপ ম্যানেজমেন্ট প্রশিক্ষণ'
- সমন্বিত কৃষি ইউনিট"এর কোকোডাস্ট মিডিয়ায় মানসম্পন্ন চারা উৎপাদন
- BD Rural WASH for HCD প্রকল্পের উদ্যোগে জাতীয় স্যানিটেশন ৫
- Integrated Risk Management প্রকল্পের সমাপনী কর্মশালা
- অক্টোবর-ডিসেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ সময়ের মধ্যে যেসব প্রকল্প শুরু হয়েছে
- অক্টোবর-ডিসেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ সময়ের মধ্যে যেসব প্রকল্প শেষ হয়েছে ৬
- স্মার্ট-লুম প্রকল্পের দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ
- সিআরইএ প্রকল্পের উদ্যোগে সেবাদানকারী প্রতিষ্ঠানের মতবিনিময় সভা
- নওগাঁয় ECCCP-Drought প্রকল্পের খরা সহনশীল কৃষি প্রশিক্ষণ সম্পন্ন ৭
- জেন্ডার এন্ড রাইটস কর্মসূচির উপজেলা আইন সহায়তা কমিটির সভা
- DHRNS প্রকল্পের হিউম্যান রাইটস ডিফেন্ডারস নেটওয়ার্কের ত্রৈমাসিক সভা
- ইআরসিসিপি প্রকল্পের উপকারভোগীদের সেলাই মেশিন প্রশিক্ষণ ৮
- বাংলাদেশে গরু ছাগলের ব্র্যান্ড সৃষ্ঠি প্রোগ্রামের মিটিং ও কৃষি মেশিনারি বিতরণ
- প্রবীণ কর্মসূচির উদ্যোগে সিরাজগঞ্জে ৩৪ তম আন্তর্জাতিক প্রবীণ দিবস উদযাপন
- দুর্যোগ ঝুঁকি হ্রাসকরণ (ডিআরআর) প্রকল্পের মাটির রাস্তা উন্নয়ন পরিদর্শন ৯
- প্রাণিসম্পদ খাতের আওতায় গাভী পালন বিষয়ক প্রশিক্ষণ
- SRSP প্রকল্পের সিরাজগঞ্জে সচেতনতামূলক বন্যা প্রস্তুতি ও সাড়াদান মহড়া
- কৈশোর কর্মসূচির উঠান বৈঠক ১০
- রেইজ প্রকল্পের শিক্ষানবিশি প্রশিক্ষণ
- প্রবীণ জনগোষ্ঠির জীবনমান উন্নয়ন ও যুব সমাজের উন্নয়ন কার্যক্রম
- উচ্চফলনশীল আগাম টমেটো চাষে সবুরের সাফল্য ১১
- মা ও শিশু সহায়তা কর্মসূচির কার্যক্রম পরিদর্শন ১২


## সম্পাদনা পরিষদ


**সম্পাদক ঃ**
মোঃ আলাউদ্দিন খান
নির্বাহী পরিচালক

**প্রণয়নে ঃ**
মোঃ আতিকুর রহমান
ব্যবস্থাপক (রিসার্চ এন্ড ডকুমেন্টেশন)
মোঃ জানাফার ইসলাম
সহকারী ব্যবস্থাপক (রিসার্চ এন্ড ডকুমেন্টেশন)

**প্রকাশনায় ঃ**
রিসার্চ এন্ড ডকুমেন্টেশন বিভাগ
ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)


## পিকেএসএফ এর নতুন ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে এনডিপি'র শুভেচ্ছা



পিকেএসএফ নবনির্বাচিত ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. ফজলুল কাদের মহোদয়কে ফুলেল শুভেচ্ছা প্রদান করছেন এনডিপি'র প্রতিষ্ঠাতা নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএ-সএফ) এর নবনির্বাচিত ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. ফজলুল কাদের মহোদয়ের দায়িত্বভার গ্রহণের পর, ১৮ ডিসেম্বর ২০২৪, সকালে পিকেএসএফ ভবনে ফুলেল শুভেচ্ছা জানান এনডিপিএর প্রতিষ্ঠাতা নির্বাহী পরিচালক জনাব মো. আলাউদ্দিন খান। তিনি পিকেএসএফ এর ভবিষ্যৎ কার্যক্রমে আরও সাফল্য কামনা করেন এবং পারস্পরিক সহযোগিতার ক্ষেত্রে দৃঢ় মনোভাব পোষণ করেন।

এ সময় জনাব আলাউদ্দিন খান উল্লেখ করেন, পিকেএসএফ, এনডিপি'র অন্যতম গুরুত্বপূর্ণ সহযোগী উন্নয়ন সংস্থা, যাদের সহায়তায় দেশের গ্রামীণ জনগণের জীবনযাত্রার মান উন্নয়নে গুরুত্বপূর্ণ পদক্ষেপ নেওয়া সম্ভব হয়েছে। তিনি আরও বলেন, পিকেএসএফ ও এনডিপি'র যৌথ প্রয়াসে গ্রামীণ অর্থনৈতিক উন্নয়ন, দারিদ্র্য বিমোচন, এবং সুশাসনের প্রতিষ্ঠা অনেক ক্ষেত্রে সম্ভব হয়েছে। নতুন ব্যবস্থাপনা পরিচালকের নেতৃত্বে পিকেএসএফ আরও বৃহত্তর সফলতা অর্জন করবে বলে আশা প্রকাশ করেন।

নতুন ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. ফজলুল কাদের ইতিপূর্বে বিভিন্ন গুরুত্বপূর্ণ দায়িত্বে সফলভাবে কাজ করেছেন। এনডিপি বিশ্বাস করে, তিনি গ্রামীণ উন্নয়নের ক্ষেত্রে বিশেষজ্ঞ এবং তার দৃষ্টিভঙ্গির কারণে পিকেএসএফ নতুন দিগন্তের দিকে এগিয়ে যাবে। এর পূর্বে গত ১২ ডিসেম্বর, ২০২৪ তারিখে পিকেএসএফ এর ১২তম ব্যবস্থাপনা পরিচালক হিসেবে জনাব মো. ফজলুল কাদের দায়িত্বভার গ্রহণ করেন।

অগ্রযাত্রার ৩৩ বছর

## আশা প্রকল্পের উদ্যোগে সিরাজগঞ্জে অন্তর্ভুক্তিমূলক শিক্ষা: অংশীজনের প্রত্যাশা বিষয়ক মতবিনিময় সভা




বক্তব্য দিচ্ছেন সিরাজগঞ্জ জেলার সম্মানিত জেলা প্রশাসক মুহাম্মদ নজরুল ইসলাম

অন্তর্ভুক্তিমূলক শিক্ষা: অংশীজনের প্রত্যাশা বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। ১৩ নভেম্বর ২০২৪ তারিখে সিরাজগঞ্জ জেলা প্রশাসক কার্যালয়ের শহিদ, এ, কে শামসুদ্দিন সম্মেলন কক্ষে এ আয়োজন করা হয়। গণসাক্ষরতা অভিযানের সহযোগিতায় এনডিপি কর্তৃক বাস্তবায়িত আশা প্রকল্পের আওতায় সভাটি অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ জেলার সম্মানিত জেলা প্রশাসক মুহাম্মদ নজরুল ইসলাম। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) গনপতি রায় এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) রোজিনা আক্তার।

এনডিপি'র উপ-পরিচালক (মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন) ও প্রকল্প ফোকাল পারসন কাজী মাসুদুজ্জামান এর সঞ্চালনায় শিক্ষার মান উন্নয়নে আশা প্রকল্পের কার্যক্রম সমূহ উপস্থাপন করেন গণসাক্ষরতা অভিযানের প্রোগ্রাম ম্যানেজার আব্দুর রউফ। এসময় সিরাজগঞ্জ জেলার বিভিন্ন স্কুল কলেজের প্রভাষক, শিক্ষক মন্ডলী, বেসরকারী সংস্থার প্রতিনিধি বৃন্দ, স্কুল কলেজের অভিভাবক, কমিটির সদস্য, আধিবাসী জনগোষ্ঠীর প্রতিনিধি, কলেজের ছাত্র/ ছাত্রী, সাংবাদিক, সুশীল সমাজের প্রতিনিধিসহ এনডিপি শিক্ষা সহায়তা কর্মসূচির শিক্ষিকাবৃন্দ অংশগ্রহণ করেন। অনুষ্ঠান আয়োজনে সার্বিক সহযোগিতা করেন এনডিপির প্রতিবন্ধিতা ও শিক্ষা কর্মসুচির উপব্যবস্থাপক শিপন চন্দ্র নাগ।

## সিবিএফ'এর পার্টনার্স লার্নিং শেয়ারিং ওয়ার্কশপে এনডিপি'র অংশ গ্রহণ

ক্লাইমেট ব্রিজ ফান্ড (সিবিএফ) এর উদ্যোগে দুই দিনব্যাপী "পার্টনার্স লার্নিং শেয়ারিং ওয়ার্কশপ" অনুষ্ঠিত হয়েছে। ২৯-৩০ অক্টোবর, ২০২৪ তারিখে ঢাকার ব্র্যাক সেন্টারে আয়োজিত ওয়ার্কশপে বিভিন্ন সংস্থা ও উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান অংশগ্রহণ করেন। ওয়ার্কশপে সিবিএফ-এর বিভিন্ন পার্টনার সংস্থাগুলো তাদের অভিজ্ঞতা ও উন্নয়ন কর্মকাণ্ডের ফলাফল নিয়ে আলোচনা করেন। এসময় ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর পক্ষ থেকেও অংশগ্রহণ করেন সংস্থান নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান।

এছাড়া, প্যানেল ডিসকাশনে অংশগ্রহণ করেন ব্র্যাক আরবান ডেভেলপমেন্ট প্রোগ্রামের প্রোগ্রাম হেড ইমামুল আজম শাহী, ডি এস কে এর নির্বাহী পরিচালক দিবালক সিংহ এবং নবলোক পরিষদের সহকারী পরিচালক ফাহমিদা সুলতানা। অনুষ্ঠানটির মূল উদ্দেশ্য ছিল অংশগ্রহণকারী সংস্থাগুলোর মধ্যে বিভিন্ন উন্নয়ন কার্যক্রমের অভিজ্ঞতা ও শিখনীয় বিষয়গুলো ভাগাভাগি করা, যাতে তারা একে অপরের কর্মকাণ্ড থেকে শিক্ষা নিতে পারেন এবং যৌথভাবে জলবায়ু পরিবর্তন ও টেকসই উন্নয়নের পথে কার্যকরী পদক্ষেপ নিতে সক্ষম হন। অনুষ্ঠান পরিচালনা করেন ওয়াটারএইড বাংলাদেশের কান্ট্রি ডিরেক্টর হাসিন জাহান। তাঁর পরিচালনায় এটি একটি ফলপ্রসূ এবং সক্রিয় আলোচনা পর্বে পরিণত হয়, যেখানে অংশগ্রহণকারীরা তাদের প্রতিষ্ঠানের কার্যক্রম, চ্যালেঞ্জ, ও উদ্ভাবনী সমাধান নিয়ে আলোচনা করেন।




বক্তব্য দিচ্ছেন এনডিপি'র নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান

## উপ সচিব কর্তৃক আইসিভিজিডি-২য় পর্যায় প্রকল্পের কার্যক্রম পরিদর্শন



কার্যক্রম পরিদর্শন করেছেন প্রকল্পের প্রকল্প পরিচালক (উপ সচিব) এস এম আরশাদ ইমাম

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "ইনভেস্টমেন্ট কম্পোনেন্ট ফর ভালনারেবল গ্রুপ ডেভেলপমেন্ট (আইসিভিজিডি)" প্রকল্পের ২য় পর্যায় (১ম সংশোধিত) এর অংশ হিসেবে আয়বৃদ্ধিমূলক কার্যক্রম পরিদর্শন করেছেন প্রকল্পের প্রকল্প পরিচালক (উপ সচিব) এস এম আরশাদ ইমাম। ২৯ নভেম্বর ২০২৪ তারিখে তিনি বগুড়া জেলার শেরপুর উপজেলা, পাবনা জেলার বেড়া উপজেলা এবং সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর উপজেলার উপকারভোগীদের আয়বৃদ্ধিমূলক কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করেন।

পরিদর্শনকালে, প্রকল্প পরিচালক এস এম আরশাদ ইমাম বিভিন্ন ধরনের আয়বৃদ্ধি কর্মসূচির বাস্তবায়ন ও কার্যকারিতা পর্যবেক্ষণ করেন। তিনি প্রকল্পের আওতায় উপকারভোগীদের বাড়িতে গিয়ে মোট ৬ ধরনের আইজিএ (ইনকাম জেনারেটিং অ্যাকটিভিটি) কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করেন। পরিদর্শন শেষে, প্রকল্প পরিচালক সন্তোষ প্রকাশ করে বলেন, উপকারভোগীরা যথাযথভাবে আয়বৃদ্ধিমূলক কার্যক্রম গ্রহণ করে তাদের জীবনযাত্রার মান উন্নত করেছেন।


পরিদর্শনে সার্বিক সহযোগিতা প্রদান করেন এনডিপি'র উপ-পরিচালক (মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন) কাজী মাসুদুজ্জামান। তিনি প্রকল্পের অগ্রগতি এবং সাফল্য নিশ্চিত করতে স্থানীয় কমিউনিটি, সরকারের প্রতিনিধিদের এবং এনডিপি'র সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে সমন্বয় সাধন করেন।

এনডিপি "ইনভেস্টমেন্ট কম্পোনেন্ট ফর ভালনারেবল গ্রুপ ডেভেলপমেন্ট (আইসিভিজিডি)" প্রকল্পটি রাজশাহী বিভাগের ৮টি জেলার ৮টি উপজেলার ৭৯টি ইউনিয়নে বাস্তবায়ন সম্পন্ন করেছে। এই প্রকল্পের উদ্দেশ্য হলো, ভালনারেবল গ্রুপ বা সুবিধাবঞ্চিত জনগণের মধ্যে আয়ের সুযোগ সৃষ্টি করে তাদের জীবনযাত্রার মান উন্নয়ন করা। প্রকল্পটি স্থানীয় সম্প্রদায়কে ব্যবসায়িক কার্যক্রমে অংশগ্রহণের সুযোগ প্রদান করে এবং তাদের দক্ষতা বৃদ্ধি ও আয়ের উৎস সৃষ্টি করতে সহায়তা করেছে। এর মাধ্যমে সুবিধাভোগীরা নিজেরাই আর্থিকভাবে স্বাধীন হয়ে উঠছে এবং পরিবারের জন্য একটি টেকসই আয়ের উৎস গড়ে তুলছে।

NDP এনডিপি বার্তা
অক্টোবর-ডিসেম্বর, ২০২৪ । সংখ্যা ৪২ । বর্ষ ১৬

## এমফোরসি প্রকল্পের সমাপনী অনুষ্ঠান

এমফোরসি প্রকল্পের সমাপনী সভা অনুষ্ঠিত হয়েছে। ০৪ ডিসেম্বর ২০২৪ তারিখে বগুড়া পল্লী উন্নয়ন একাডেমি হলরুমে এ আয়োজন করা হয়। অনুষ্ঠানে বক্তব্য রাখেন এনডিপির নির্বাহী পরিচালক জনাব মো. আলাউদ্দিন খান। বক্তব্যের শুরুতেই তিনি দীর্ঘ একযুগ ধরে চলমান প্রকল্পের মাধ্যমে মানুষের জীবনমান উন্নয়নের অভিজ্ঞতা তুলে ধরেন এবং প্রকল্পের বাস্তবায়ন সহযোগী হিসাবে সফলভাবে বাস্তবায়ন করা করার সুযোগ পাওয়ায় সংশ্লিষ্ট সকলকেই ধন্যবাদ জানান। এনডিপি এমফোরসির সহযোগিতায় ১৭ টি শাখা স্থাপন করে ১৪০০ মানুষকে ৭২০০০০০ টাকা ঋন সহযোগিতা প্রদান করেছে এবং চরের মানুষের ঋনের টাকা ব্যবহার ও ফেরত প্রদানের ইতিবাচক ধারাবাহিকতার সফলতা সকলকেই অবগত করেন।



বক্তব্য দিচ্ছেন এনডিপি'র নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পল্লী উন্নয়ন একাডমি এর মহাপরিচালক ডঃ মোঃ ওলিউল ইসলাম। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সুইজারল্যান্ড দূতাবাস বাংলাদেশ এর সিনিয়র প্রোগ্রাম অফিসার ডঃ সৈয়দা জিনিয়া রশীদ ও এমফোরসি প্রকল্পের প্রকল্প পরিচালক ডঃ আঃ মজিদ প্রমানিক।
সমাপনী অনুষ্ঠানে চরাঞ্চলের কৃষক, ব্যবসায়ী, সেবাদানকারীসহ বিভিন্ন আর্থিক সেবা দানকারী প্রতিষ্ঠানের( যেমনঃ আই ফারমার, এগ্রিগেট এশিয়া, আইএফআইসি ব্যাংক, ব্রাক ব্যাংক, কৃষি ও প্রাণিসম্পদ উপকরন সরবরাহ কোম্পানী) প্রতিনিধি সহ বিভিন্ন মিডিয়া ব্যাক্তিবর্গ উপস্থিত ছিলেন।

## মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি কর্তৃক কার্যক্রম পরিদর্শন


এমআরএ এর যুগ্ম পরিচালক রনজিত কুমার সরকারসহ
এনডিপি'র অন্যান্য কর্মকর্তাবৃন্দ

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি এর কর্মকর্তাগণ এনডিপি'র কার্যক্রম পরিদর্শন করেছেন। ৩০ অক্টোবর ২০২৪, এমআরএ এর যুগ্ম পরিচালক রনজিত কুমার সরকার ও সহকারী পরিচালক মিনহাজুল আবেদীন এনডিপি'র কার্যক্রম পরিদর্শন ও পরবর্তীতে মতবিনিময় সভায় অংশগ্রহণ করেন। পরিদর্শনকালে তারা এনডিপির ক্ষুদ্রঋণ কার্যক্রম, দারিদ্র্য বিমোচনে নেওয়া বিভিন্ন উদ্যোগ, নারীর অর্থনৈতিক ক্ষমতায়ন এবং কৃষি ও ক্ষুদ্র উদ্যোক্তা সহায়তা কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন করেন। প্রতিনিধি দলটি এনডিপি কর্তৃক পরিচালিত ঋণ সহায়তা কর্মসূচির কার্যকারিতা ও সফলতার দিকগুলো পর্যবেক্ষণ করেন।
পরবর্তীতে মতবিনিময় সভায় এনডিপি'র পরিচালক (প্রোগ্রাম ও প্ল্যানিং) এবিএম সাজ্জাদ হোসেন, পরিচালক (ঋণ সহায়তা কর্মসূচি) মোসলেম উদ্দিন আহমেদ, উপ-পরিচালক (প্রোগ্রাম ও প্ল্যানিং) আবু নাঈম মো. জুবায়ের খানসহ অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সভায় এনডিপি কর্মকর্তারা সংস্থার চলমান কার্যক্রম, চ্যালেঞ্জ ও ভবিষ্যৎ পরিকল্পনা তুলে ধরেন। MRA প্রতিনিধিবৃন্দ এনজিও-নির্ভর মাইক্রোফাইন্যান্স কার্যক্রমের উন্নয়নের জন্য বেশ কিছু পরামর্শ প্রদান করেন এবং এ সংক্রান্ত নীতিমালা ও বিধিবিধানের যথাযথ অনুসরনের উপর গুরুত্বারোপ করেন।

## প্রতিবন্ধিতা ও উন্নয়ন কর্মসূচির উদ্যোগে ট্রাই-সাইকেল প্রদান

এনডিপি'র নিজস্ব অর্থানে পরিচালিত প্রতিবন্ধিতা ও উন্নয়ন কর্মসূচির উদ্যোগে একটি ট্রাই-সাইকেল প্রদান করা হয়েছে। এতে আর্থিক সহযোগিতা প্রদান করেন সেন্টার ফর ডিজাবিলিটি ইন ডেভেলপমেন্ট (সিডিডি)। ২৯ অক্টোবর ২০২৪ তারিখে এনডিপি'র প্রধান কার্যালয়ে ট্রাই-সাইকেলটি হস্তান্তর করেন এনডিপি'র উপ-পরিচালক (প্রোগ্রাম এন্ড প্ল্যানিং) আবু নাইম মো. জুবায়ের খান। এই উদ্যোগের মাধ্যমে এনডিপি প্রতিবন্ধী ব্যক্তিদের জীবনযাত্রার মান উন্নত করতে সহায়তা প্রদান করছে, যাতে তারা তাদের দৈনন্দিন কাজকর্মে আরও স্বাধীনভাবে চলাফেরা করতে পারেন।
এসময় এনডিপি'র প্রতিবন্ধিতা ও শিক্ষা কর্মসূচির উপব্যবস্থাপক শিপন চন্দ্র নাগ উপস্থিত ছিলেন। সিরাজগঞ্জ জেলার কামারখন্দ উপজেলার ভদ্রঘাট ইউনিয়নের নান্দিনা কামালিয়া গ্রামের শারীরিক প্রতিবন্ধী ব্যক্তি মোঃ সাহেব আলীকে তৃতীয় বারের মতো এই সহায়তা প্রদান করা হয়।
এনডিপি'র প্রতিবন্ধিতা ও উন্নয়ন কর্মসূচির আওতায় শুধু শারীরিক সহায়ক উপকরণ প্রদানই নয়, পাশাপাশি তাঁকে আর্থিকভাবে স্বাবলম্বী হওয়ার জন্য বিভিন্ন প্রশিক্ষণও প্রদান করা হয়েছে। মোঃ সাহেব আলীকে আয়বৃদ্ধিমূলক কার্যক্রমে অংশগ্রহণের জন্য প্রশিক্ষণ দেওয়া হয়েছে, যাতে তিনি নিজের জীবিকা নির্বাহের উপায় খুঁজে পান। এছাড়াও, তাকে সার্ভিস চার্জ মুক্ত ঋণ প্রদান করা হয়েছে, যার মাধ্যমে তিনি নিজের ব্যবসা শুরু করতে সক্ষম হয়েছেন। বর্তমানে তাঁর বাড়িতে একটি মুদির দোকান চলছে, যা দিয়ে তিনি তার পরিবারের সদস্যদের জীবিকা নির্বাহ করছেন। এনডিপি'র এই উদ্যোগটি শুধু শারীরিক প্রতিবন্ধীদের জন্য সহায়ক উপকরণের যোগান দেয় না, বরং তাদের আর্থিক স্বাধীনতা অর্জনে সহায়তা করা, যাতে তারা সমাজের প্রধানধারায় পূর্ণতা নিশ্চিত করতে পারেন। মোঃ সাহেব আলীর মতো অনেকেই এনডিপি'র এই সহায়তা পেয়ে নিজেদের আত্মবিশ্বাস বাড়াতে পেরেছেন এবং পরিবারকে উপার্জনের পথ দেখাতে সক্ষম হয়েছেন।


ট্রাই সাইকেল হস্তান্তর করেন এনডিপি'র উপ-পরিচালক
আবু নাঈম মো. জুবায়ের খান

## আলোকিত গ্রাম কর্মসূচীর আওতায় প্রতিবন্ধী ব্যাক্তিকে সহায়তা প্রদান

এনডিপি'র আলোকিত গ্রাম কর্মসূচির মাধ্যমে বাগবাড়ী স্যান্ডালপাড়া গ্রামের প্রতিবন্ধী মো. ময়নাল সেখকে আইজিএ সহায়তা বাবদ ৫ হাজার টাকা প্রদান করা হয়। ৩১ ডিসেম্বর, এনডিপি প্রধান কার্যালয়ে প্রতিবন্ধী মো. ময়নাল সেখ এর হাতে নগদ টাকা তুলে দেন এনডিপি'র নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান।

এসময় উপস্থিত ছিলেন সহকারী পরিচালক (কর্মসূচি ও পরিকল্পনা) মো. মিজানুর রহমান, আলোকিত গ্রাম কর্মসূচির কেন্দ্রীয় কমিটির সহ সভাপতি সাবেক সোনালী ব্যাংক কর্মকর্তা মো. হায়দার আলী খান, কর্মসূচির প্রোগ্রাম অফিসার সুরেশ চন্দ্র পাল ও কর্মসূচির ভলান্টিয়ার মোছা. মারজিয়া খাতুন।

প্রতিবন্ধী মো. ময়নাল সেখ একজন শারীরিক প্রতিবন্ধী। সে বাড়ি বাড়ি থেকে কয়লা কিনে বিক্রি করেন, কিন্তু তিনি অর্থের অভাবে ব্যবসা পরিচালনা করতে পারতেন না। তাই তার ব্যবসা চালিয়ে যাওয়ার জন্য এই অর্থ সহায়তা প্রদান করা হয়।

উল্লেখ্য এনডিপি'র নিজস্ব অর্থায়নে পরিচালিত আলোকিত গ্রাম কর্মসূচিটি কামারখন্দ উপজেলার ঝাঐল ইউনিয়নের চারটি গ্রামে (বাগবাড়ী, লাহিড়ী বাড়ী, বালুকোল ও চর বড়ধুল) গত ৮ ফেব্রুয়ারি ২০১৭ সাল থেকে বাস্তবায়িত হচ্ছে।



অর্থ সহায়তা তুলে দিচ্ছেন এনডিপি'র নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান

## নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির মূল্য কমানোর দাবিতে জেলা প্রশাসকের নিকট স্মারকলিপি প্রদান




বিশ্ব খাদ্য দিবসে আয়োজিত র‍্যালির অংশ বিশেষ

সিরাজগঞ্জে নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য কমানোর দাবিতে জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি প্রদান করা হয়েছে। "Right to Food For Better Life and a Better Future" প্রতিপাদ্য বিষয় নিয়ে এই কর্মসূচি আয়োজন করা হয়। যার মূল লক্ষ্য ছিল বৈষম্য হ্রাস এবং সামাজিক সুরক্ষা কর্মসূচির পরিসর বৃদ্ধি করে খাদ্যসহ অন্যান্য নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য কমানোর দাবিতে সচেতনতা তৈরি করা।

স্মারকলিপিটি 'খাদ্য অধিকার বাংলাদেশ' সিরাজগঞ্জ জেলা কমিটির সম্মানিত সভাপতি এবং এনডিপি'র প্রতিষ্ঠাতা নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খানের নির্দেশনায় কমিটির সদস্যবৃন্দ অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) গনপতি রায়ের নিকট প্রদান করেন। স্মারকলিপি প্রদান শেষে, জেলা প্রশাসকের কার্যালয় থেকে একটি বর্ণাঢ্য র‍্যালি বের করা হয়, যা শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। র‍্যালিটি সাধারণ মানুষের মাঝে খাদ্য অধিকার এবং দ্রব্য মূল্য কমানোর গুরুত্ব সম্পর্কে সচেতনতা সৃষ্টি করতে সাহায্য করে।

র‍্যালির পর একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়, যেখানে সিরাজগঞ্জ জেলার অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মো. বরমান হোসেন প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। তিনি আলোচনা সভায় বক্তব্য প্রদান করেন এবং খাদ্য অধিকার নিশ্চিত করার জন্য সরকারের বিভিন্ন উদ্যোগের উপর আলোকপাত করেন। এছাড়া সভায় এনডিপির এমএন্ডই বিভাগের উপপরিচালক কাজী মাসুদুজ্জামান, ব্র্যাকের জেলা সমন্বয়কারী মো. রইজ উদ্দিন, দিপ সেতুর সমন্বয়কারী এস এম শহিদুল ইসলামসহ 'খাদ্য অধিকার বাংলাদেশ' সিরাজগঞ্জ জেলা কমিটির সকল সদস্য উপস্থিত ছিলেন।

সভা পরিচালনা করেন কমিটির সাধারণ সম্পাদক মো. আনোয়ার হোসেন। সভায় বক্তারা খাদ্য অধিকার এবং নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য কমানোর জন্য স্থানীয় প্রশাসন ও সরকারের আরো কার্যকর উদ্যোগ গ্রহণের প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব দেন। তারা বলেন, খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার মাধ্যমে দেশের জনগণের জীবনের মান উন্নত করা সম্ভব, যা সমাজে সকল শ্রেণির মানুষের জন্য সমান সুযোগ তৈরি করবে।

## এক নজরে ঋণ সহায়তা কর্মসূচির অগ্রগতি

এনডিপি উন্নয়ন সহযোগী সংস্থার সাথে বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়ন করার পাশাপাশি ১৯৯৪ সাল থেকে ঋণ সহায়তা কর্মসূচি বাস্তবায়ন করছে। বিভিন্ন ব্যাংক ও পিকেএসএফ এর অর্থায়নে ১২২টি শাখার মাধ্যমে পরিচালিত হচ্ছে। এনডিপি কর্তৃক অর্জিত বর্তমান চিত্র নিচের ছকে তুলে ধরা হলো;

| ক্রঃ নং | বিবরণ | ডিসেম্বর' ২০২৪ | ক্রঃ নং | বিবরণ | ডিসেম্বর' ২০২৪ | ক্রঃ নং | বিবরণ | ডিসেম্বর' ২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | শাখার সংখ্যা | ১২২ | ৯. | মোট বকেয়া (কোটি টাকায়) | ১৮.৭১ | ১৭. | কর্মী ঃ ঋণী সদস্য | ১:২০৯ |
| ২. | মোট সদস্য জন | ১,৫৭,২৪৩ | ১০. | ঋণ আদায়ের হার | ৯৯.৬৫% | ১৮. | সমিতি ঃ সদস্য | ১:২৬ |
| ৩. | ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরন (কোটি টাকায়) | ৬০৭৯.৪৭ | ১১. | On Time Realization (OTR) | ৯৭.৪৭% | ১৯. | সমিতি ঃ ঋণী সদস্য | ১:২১ |
| ৪. | ক্রমপুঞ্জিভূত ঋণ আদায় (কোটি টাকায়) | ৫৩৭৬.৬১ | ১২. | Liquidity Ratio | ১০.১২% | ২০. | কর্মী ঃ ঋণ স্থিতি (লাখ টাকায়) | ১:১১৪.৪৭ |
| ৫. | ঋণ স্থিতি (কোটি টাকায়) | ৭০২.৮৬ | ১৩. | Port folio At Risk | ৪.০২% | ২১. | ষ্টাফ ঃ ঋণী সদস্য | ১:১১৪ |
| ৬. | সদস্যদের সঞ্চয় স্থিতি (কোটি টাকায়) | ২২৩.৫২ | ১৪. | ক্রমপুঞ্জিভূত নীট তহবিল (কোটি টাকায়) | ২৬৮.৫৬ | ২২. | কর্মী ঃ সঞ্চয় স্থিতি (লাখ টাকায়) | ১:৩৬.৪০ |
| ৭. | Delinquent Ratio | ২.৬৬% | ১৫. | Debt : Equity | ১.৮৩:১ | | | |
| ৮. | ঋণী কভারেজ | ৮১.৪২% | ১৬. | কর্মী ঃ সদস্য | ১:২৫৬ | | | |

## আরএমটিপি প্রকল্পের 'ভেল্যু চেইন ফ্যাসিলিটেশন এন্ড পার্টনারশিপ ম্যানেজমেন্ট প্রশিক্ষণ'



সনদ তুলে দিচ্ছেন এনডিপি'র প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান

আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল-ইফাদ ও পিকেএসএফ-র আর্থিক সহযোগিতায় বাস্তবায়িত রুরাল মাইক্রোএন্টারপ্রাইজ ট্রান্সফরমেশন প্রকল্প (আরএমটিপি)-র উপ-প্রকল্প -''নিরাপদ মাংস ও দুগ্ধজাত পন্যের বাজার উন্নয়ন'' এর আওতায় প্রকল্পের ভেল্যুচেইন ফ্যাসিলিটেটরদের ৪ দিন ব্যাপি ভেল্যু চেইন ফ্যাসিলিটেশন এন্ড পার্টনাসশিপ ম্যানেজমেন্ট প্রশিক্ষন এনডিপি প্রধান কার্যালয়ের প্রশিক্ষন কক্ষে প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষনের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এনডিপি'র পরিচালক (পরিকল্পনা এবং কমসূচি) ড. এবিএম সাজ্জাদ হোসেন ও পল্লী কর্মসহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-আরএমটিপি প্রকল্পের ভেল্যুচেইন প্রজেক্ট ম্যানেজার ড. এরফান আলী।

আরএমটিপি প্রকল্প বাস্তবায়নকারী দেশের আটটি সহযোগি সংস্থায় কর্মরত মোট ২৫ জন ভেল্যু চেইন ফ্যাসিলিটেটর প্রশিক্ষনে অংশগ্রহন করেন এবং প্রশিক্ষনের প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন ভেল্যু চেইন কনসাল্ট্যান্ট মোঃ আতাউর রহমান।

ভ্যালুচেইন ফ্যাসিলিটেশন এন্ড পার্টনারশিপ ম্যানেজমেন্ট প্রশিক্ষনের সমাপনী দিনে উপস্থিত ছিলেন এনডিপি'র প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান। তিনি সকল অংশগ্রহনকারীদের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন এবং এনডিপিতে থাকা, খাওয়া, দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিদের আচার আচরন ও সর্বোপরি পরিবেশ সম্পর্কে অংশগ্রহনকারীদের মতামত জানতে চান। নির্বাহী পরিচালক মহোদয় বলেন, আমাদের লক্ষিত জনগোষ্ঠি বিশেষ করে ২৮,০০০ খামারি এবং উদ্যোক্তা যাদের নিয়ে আমরা এই প্রকল্পের মাধ্যমে কাজ করছি প্রকৃতপক্ষে তাদের ভাগ্যের কতটুকু উন্নয়ন করতে পেরেছি যেটা নিরপেক্ষ দৃষ্টিতে বিচার করলে আমার দায়িত্ব কতটুকু পালন করেছি তার মূল্যায়ন আমি নিজেই করতে পারব। আমি বিশ্বাস করি আমাদের যার যার অবস্থান থেকে দায়িত্বসমূহ সঠিকভাবেই পালন করছি। প্রশিক্ষন শেষে সকল অংশগ্রহনকারীদের মাঝে প্রশিক্ষন সনদপত্র ও একটি করে ব্যাগ বিতরণ করা হয়। এনডিপি আরএমটিপি প্রকল্পের প্রজেক্ট ম্যানেজার মোঃ মাসুদ মন্ডল প্রশিক্ষন ব্যবস্থাপনার দায়িত্ব পালন করেন।

## সমন্বিত কৃষি ইউনিট"এর কোকোডাস্ট মিডিয়ায় মানসম্পন্ন চারা উৎপাদন ও মালচিং পেপার ব্যবহার প্রশিক্ষণ



প্রশিক্ষণে অংশগ্রহণকারীবৃন্দ

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগিতায় পরিচালিত সমন্বিত কৃষি ইউনিটের আওতায় দুইদিনের কৃষক প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। ১৯ ও ২০ অক্টোবর ২০২৪ তারিখে এনডিপি'র ঋণ সহায়তা কর্মসূচির বহুলী শাখায় এ আয়োজন করা হয়। এতে প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ফলিত পুষ্টি বিজ্ঞান ইনস্টিটউট-সিরাজগঞ্জ এর মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা সাদেকুল ইসলাম ও সিরাজগঞ্জ সদর উপজেলা কৃষি কর্মকর্তা আনোয়ার সাদাত। দুই দিনব্যপি প্রশিক্ষণে ২৫ জন স্থানীয় কৃষককে কোকোডাস্ট মিডিয়ায় মানসম্পন্ন চারা উৎপাদন ও মালচিং পেপার ব্যবহার প্রশিক্ষণ প্রদান করা হয়। এসময় পুষ্টি বিজ্ঞান ইনস্টিটউট এর মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা বলেন ' বাংলাদেশে খাদ্যের উৎপাদন বৃদ্ধি পেয়েছে কিন্তু নিরাপদ খাদ্যের এবং পুষ্টিসমৃদ্ধ খাবারের যথেষ্ট ঘাটতি রয়েছে। বর্তমান কৃষি অনেক প্রতিকূল আবহাওয়া অতিক্রম করছে। একটানা বৃষ্টি এবং খরা বর্তমান সময়ে কৃষিকে চ্যালেঞ্জের মধ্যে ফেলেছে। এই অবস্থা থেকে উত্তোরনের জন্য কোকোডাস্ট মিডিয়ায় উৎপাদিত চারা এবং মালচিং পেপার ব্যবহারের বিকল্প নেই। এই দুটি উপাদান নিরাপদ খাদ্য প্রাপ্যতা অনেকাংশে নির্ভর করে।

প্রশিক্ষণে উপজেলা কৃষি কর্মকর্তা বলেন 'মালচিং মূলত বিষমুক্ত ফসল চাষের একটি পরিবেশ বান্ধব পদ্ধতি। শীতকালে মালচিং ব্যবহার করলে মাটিতে প্রয়োজনীয় তাপমাত্রা ধরে রাখা সম্ভব হয় এবং গরমকালে মাটি ঠান্ডা থাকে। সঠিক মালচিং প্রয়োগে বিভিন্ন ধরনের পোকামাকড়ের আক্রমণ রোধ করা যায়। মালচিং পেপার ব্যবহারে জমিতে আগাছা জন্মানোর কোন সুযোগ নেই। এ প্রযুক্তি ব্যবহারে জমিতে পানি সূর্যের তাপ ও বাতাসে দ্রুত উড়ে যায় না। ফলে জমিতে রসের ঘাটতি হয় না এবং সেচ কম লাগে। মালচিং ব্যবহার করলে জমিতে প্রায় ১০ থেকে ২৫ ভাগ আর্দ্রতা সংরক্ষণ করা সম্ভব হয়। যেহেতু মালচিং প্রযুক্তি ব্যবহার করলে পানি কম লাগে ফলে সেচ খরচ বাঁচে, লাভ হয় বেশি।' প্রশিক্ষণে এনডিপি'র সমন্বিত কৃষি ইউনিটের সমন্বয়কারী মুহাম্মদ আবদুল হালিম উপস্থিত ছিলেন।

## BD Rural WASH for HCD প্রকল্পের উদ্যোগে জাতীয় স্যানিটেশন ও বিশ্ব হাত ধোয়া দিবস উদযাপন



আয়োজিত র‍্যালির অংশ বিশেষ

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর অংশগ্রহণে গাইবান্ধা জেলায় গোবিন্দগঞ্জ উপজেলার জাতীয় স্যানিটেশন ও বিশ্ব হাত ধোয়া দিবস উদযাপিত হয়েছে। ৩১ অক্টোবর ২০২৪ দিবসটি উপলক্ষে র‍্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়। মূলত ব্যুরো বাংলাদেশ এর অর্থায়নে এনডিপি কর্তৃক বাস্তবায়িত পরিচালিত BD Rural WASH for HCD Project এর উদ্যোগে এ আয়োজন করা হয়। এতে এনডিপি'র ঋণ সহায়তা কর্মসূচির গোবিন্দগঞ্জ ও রাজাবিরাট শাখার কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গোবিন্দগঞ্জ উপজেলার নির্বাহী অফিসার সৈয়দা ইয়াসমিন সুলতানা। এছাড়াও জনস্বাস্থ্য উপ-সহকারী প্রকৌশলী মোঃ শাহাআলী, উপজেলা সমবায় কর্মকর্তা, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ও উপজেলা প্রকল্প বাস্তবায়নকারী কর্মকর্তা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে হাত ধোয়ার সেশন পরিচালনা করেন এনডিপি'র রংপুর জোনের জোনাল ম্যানেজার এসএম সেরাজুল ইসলাম।

# Integrated Risk Management প্রকল্পের সমাপনী কর্মশালা




বক্তব্য দিচ্ছেন কুড়িগ্রাম জেলার সম্মানিত জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট নুসরাত সুলতানা

বিশ্ব খাদ্য কর্মসূচি (ডব্লিউএফপি) এর সহযোগিতায় বাস্তবায়িত Integrated Risk Management প্রকল্পের Programme Closing and Learning Sharing কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ২৯ ডিসেম্বর ২০২৪ তারিখে কুড়িগ্রাম জেলা প্রশাসকের কার্যালয়ের স্বপ্নকুঁড়ি সম্মেলন কক্ষে এ আয়োজন করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কুড়িগ্রাম জেলার সম্মানিত জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট নুসরাত সুলতানা।

বেসরকারী উন্নয়ন সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে কুড়িগ্রাম জেলার দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় স্বাগত বক্তব্য রাখেন এনডিপির উপ-পরিচালক (মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন) কাজী মাসুদুজ্জামান।

কর্মশালার উদ্দেশ্য নিয়ে আলোচনা করেন বিশ্ব খাদ্য কর্মসূচি'র হেড অফ ফিল্ড অফিস (রংপুর) বিথীকা বিশ্বাস। এছাড়াও Integrated Risk Management প্রকল্পের আওতায় বাস্তবায়িত বিভিন্ন কার্যক্রমের ভিডিও ডুকোমেন্টারি উপস্থাপন করেন ফিল্ড কোঅর্ডিনেটর কামরুল আহসান।

প্রকল্পের সাফল্য ও অর্জিত শিখনসমূহ নিয়ে মূল্যবান মতামত দেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ডিআরআরও, উপ-পরিচালক-সমাজসেবা, উপ-পরিচালক-মহিলা বিষয়ক অধিদপ্তর, কেয়ার-বাংলাদেশ, আরডিআরএস, টিডিএইচ ফাউন্ডেশন, ফেন্ডশীপ, ব্রাক, গণ উন্নয়ন কেন্দ্র, মহিদেব যুব সমাজ কল্যান সমিতি, এবং হ্যান্ডিক্যাপ ইন্টারন্যাশনাল এর জেলা পর্যায়ের কর্মকর্তাবৃন্দ। তারা প্রকল্পের নারীদের সাফল্য, ডকুমেন্টরী এবং শিখনসমূহের ভূয়সী প্রশংসা করেন এবং ভবিষ্যতে আরও কার্যকরী উদ্যোগ গ্রহণের বিষয়ে আলোচনা করেন।

## অক্টোবর-ডিসেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ সময়ের মধ্যে যেসব প্রকল্প শুরু হয়েছে তার সংক্ষিপ্ত বিবরণ

| ক্রঃ নং | প্রকল্পের নাম | দাতা সংস্থার নাম | কর্ম এলাকা | সময়কাল | উদ্দেশ্য |
|---|---|---|---|---|---|
| ১. | Sustainable Microenterprise and Resilient Transformation (SMART)-Loom | বিশ্ব ব্যাংক, পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) ও এনডিপি'র নিজস্ব তহবিল | সিরাজগঞ্জ জেলার ০৪টি উপজেলা (সিরাজগঞ্জ সদর, কামারখন্দ, বেলকুচি ও চৌহালী | ০১ অক্টোবর ২০২৪ থেকে ৩০ জুন ২০২৮ | প্রকল্পটির লক্ষ্য উদ্যোক্তাদের জলবায়ু পরিবর্তন, প্রাকৃতিক দুর্যোগ ও পরিবেশগত ঝুঁকি সম্পর্কে সচেতন করা। এটি সম্পদ দক্ষতা বৃদ্ধি ও ঝুঁকি হ্রাসে জউইচ অনুশীলন প্রচার করবে। ক্ষুদ্র উদ্যোগগুলোর টেকসই, পরিবেশ-বান্ধব উৎপাদন নিশ্চিত করতে প্রযুক্তি সংহতকরণ ও মূল্য শৃঙ্খলা উন্নয়ন করা হবে। এছাড়া, ১,৫০০ MEs-এর জন্য আর্থিক সহায়তা ও ডিজিটাল আর্থিক ব্যবস্থাপনা চালু করা হবে। |
| ২. | Sustainable Microenterprise and Resilient Transformation (SMART)-Dairy | বিশ্ব ব্যাংক, পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) ও এনডিপি'র নিজস্ব তহবিল | সিরাজগঞ্জ ও পাবনা জেলার ০৩টি উপজেলা (উল্লাপাড়া, শাহ্জাদপুর ও বেড়া) | ১৭ নভেম্বর ২০২৪ থেকে ৩০ জুন ২০২৮ | প্রকল্পটির লক্ষ্য উদ্যোক্তাদের মধ্যে জলবায়ু পরিবর্তন ও পরিবেশগত ঝুঁকি সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা। নিরাপদ ও বৈচিত্র্যময় দুধের পণ্য উৎপাদনে সহায়তা করা এবং সবুজ প্রবৃদ্ধি নিশ্চিত করতে সক্ষমতা উন্নয়ন, প্রযুক্তি সংহতকরণ ও মূল্য শৃঙ্খলা উন্নয়ন করা। এছাড়া, ১,৫০০ ক্ষুদ্র উদ্যোগকে আর্থিক সহায়তা ও ডিজিটাল আর্থিক ব্যবস্থাপনায় উৎসাহিত করা। |
| ৩. | Updating the Vulnerable Households Database of Sirajganj District | স্টার্ট বাংলাদেশ | সিরাজগঞ্জ জেলার ০২টি উপজেলা (সিরাজগঞ্জ সদর ও কাজিপুর) | ১৮ ডিসেম্বর ২০২৪ থেকে ২৮ ফেব্রুয়ারি ২০২৫ | সিরাজগঞ্জ জেলার ঝুঁকিপূর্ণ পরিবারের ডাটাবেস আপডেট করা, প্রকল্পের মধ্যে রয়েছে বিস্তারিত পরিকল্পনা, স্থানীয় কর্মীদের প্রশিক্ষণ, তথ্য সংগ্রহ, যাচাইকরণ, ডাটাবেস ইন্টিগ্রেশন, চলমান পর্যবেক্ষণ এবং লক্ষ্যবস্তু হস্তক্ষেপের জন্য সঠিক, হালনাগাদ তথ্য নিশ্চিত করার জন্য সম্প্রদায়ের সম্পৃক্ততা নিশ্চিত করা। |
| ৪. | Start Ready Learning Grant | স্টার্ট নেটওয়ার্ক | সিরাজগঞ্জ জেলার ০১টি উপজেলা (কাজিপুর) | ১৮ ডিসেম্বর ২০২৪ থেকে ২৮ ফেব্রুয়ারি ২০২৫ | একটি ভিডিও ডকুমেন্টারি, একটি ফটো বুক ও একটি সংক্ষিপ্ত প্রভাব জরিপ তৈরি করা। |

## অক্টোবর-ডিসেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ সময়ের মধ্যে যেসব প্রকল্প শেষ হয়েছে তার সংক্ষিপ্ত বিবরণ

| ক্রঃ নং | প্রকল্পের নাম | দাতা সংস্থার নাম | কর্ম এলাকা | সময়কাল | উদ্দেশ্য |
|---|---|---|---|---|---|
| ১. | Anticipatory Action to vulnerable households in flood-prone areas of Jamuna River basin, Bangladesh. | বিশ্ব খাদ্য কর্মসূচি (ডব্লিউএফপি) | সিরাজগঞ্জ জেলার ০৬টি উপজেলা (সিরাজগঞ্জ সদর, রায়গঞ্জ, কাজিপুর, বেলকুচি, শাহজাদপুর ও চৌহালী) | ১৫ ফেব্রুয়ারি ২০২৪ থেকে ৩১ ডিসেম্বর ২০২৪ | প্রকল্পের উদ্দেশ্য হলো বন্যা কবলিত সিরাজগঞ্জ জেলার মানুষের নিকট কার্য্যকরী, সময় উপযোগী এবং মর্যাদাপূর্ণ মানবিক সহায়তা প্রদান করে সহনশীলতা বৃদ্ধি করা। |
| ২. | Disaster Risk Reduction (DRR) | বিশ্ব খাদ্য কর্মসূচি (ডব্লিউএফপি) | কুড়িগ্রাম জেলার ০৩টি উপজেলা (কুড়িগ্রাম সদর, উলিপুর ও চিলমারী) | ০১ ডিসেম্বর ২০২৩ থেকে ৩১ ডিসেম্বর ২০২৪ | (১) কর্মসূচি বাস্তবায়নের মাধ্যমে কুড়িগ্রাম জেলার তিনটি উপজেলায় পদ্ধতিগতভাবে দুর্যোগ ঝুঁকি হ্রাস করা; এবং<br>(২) সরকারী এবং বেসরকারী উভয় স্টেকহোল্ডারদের সাথে অর্থপূর্ণ সম্পৃক্ততা সমন্বয় করা এবং কমিউনিটি রিস্ক অ্যাসেসমেন্ট (CRA) এর মাধ্যমে ঝুঁকি হ্রাস কর্ম পরিকল্পনা (RRAP) প্রস্তুত করার জন্য টেকসই, সম্প্রদায়-চালিত উদ্যোগ নিশ্চিত করা। |
| ৩. | Integrated Risk Management-IRM (Continuation of BRAZH) | বিশ্ব খাদ্য কর্মসূচি (ডব্লিউএফপি) | কুড়িগ্রাম জেলার ০২টি উপজেলা (উলিপুর ও চিলমারী) | ০১ মার্চ ২০২০ থেকে ৩১ ডিসেম্বর ২০২৪ | প্রকল্পের উদ্দেশ্য জলবায়ু পরিবর্তন ও প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় সম্প্রদায়কে সক্ষম করে তোলা। পূর্বানুমান ভিত্তিক সহায়তা, জীবিকা কর্মসূচি, জলবায়ু ঝুঁকি বীমা ও প্রশিক্ষণের মাধ্যমে জনগণকে সচেতন ও প্রস্তুত করা। পাশাপাশি, উপকারভোগী নির্বাচন ও আয়-উৎপাদনমূলক কার্যক্রমের মাধ্যমে টেকসই জীবিকা ও প্রতিরোধ গড়ে তোলা হবে, যা সম্প্রদায়কে আরও সুরক্ষিত করবে। |
| ৪. | Improve the life Standard of Old Aged People | পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) ও এনডিপি'র নিজস্ব তহবিল | নাটোর জেলার গুরুদাসপুর ও পাবনা জেলার বেড়া উপজেলা | ০১ জুলাই ২০১৭ থেকে ৩০ সেপ্টেম্বর ২০২৪ | কর্মসূচির উদ্দেশ্য বৃদ্ধদের জন্য সামাজিক সহায়তা ও সুরক্ষা বৃদ্ধি করা। গ্রাম, ওয়ার্ড ও ইউনিয়ন পর্যায়ে কমিটি গঠন করে তাদের প্রয়োজনীয় সেবা নিশ্চিত করা হবে। ইউনিয়ন স্তরে বিনোদন কেন্দ্র স্থাপন, মাসিক জীবিকা সহায়তা, ঋণ ও স্বাস্থ্য সেবা প্রদান করা হবে। এছাড়া, দুর্বল ও অসুস্থ বৃদ্ধদের সহায়ক সামগ্রী বিতরণ করা হবে, যাতে তারা সম্মানজনক ও সুস্থ জীবনযাপন করতে পারে। |

## স্মার্ট-লুম প্রকল্পের দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ



দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণে অংশগ্রহণকারীবৃন্দ

সাসটেইনেবল মাইক্রোএন্টারপ্রাইজ এন্ড রেজিলিয়্যান্ট ট্রান্সফরমেশন (স্মার্ট) প্রকল্পের আওতায় দিনব্যাপি ঋণ সহায়তা কর্মসূচী'র কর্মী/কর্মকর্তা এবং প্রকল্প কর্মকর্তাদের নিয়ে দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। ১৬ নভেম্বর ২০২৪ তারিখে, এনডিপি'র প্রধান কার্যালয়ে আয়োজিত প্রশিক্ষণটির উদ্বোধন করেন সংস্থার সম্মানিত নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান। উদ্বোধনী বক্তব্যে স্মার্ট প্রকল্পের উপ-প্রকল্প তাঁত উদ্যোগে এনডিপি'র মাধ্যমে বাস্তবায়ন ও আর্থিক সহযোগিতা প্রদান করার জন্য, তিনি পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) ও ওয়ার্ল্ড ব্যাংককে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। প্রশিক্ষণে অংশগ্রহনকারীদের প্রকল্প বাস্তবায়নের জন্য নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করার জন্য আহ্বান করেন। সকলের ঐকান্তিক কর্ম প্রচেষ্ঠায় এনডিপি স্মার্ট-তাঁত প্রকল্প সফল হবে তথা কর্ম এলাকার তাঁত উদ্যোক্তাদের জীবন-মানের উন্নয়ন সাধিত হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। প্রকল্প বাস্তবায়নে চ্যালেঞ্জসমূহ উত্তরনের জন্য সংস্থার উর্দ্ধতন কর্মকর্তাদের সার্বিকভাবে সহযোগিতা প্রদান করার জন্য নির্দেশনা প্রদান করেন।

প্রশিক্ষনে পরিচালক (ঋণ সহায়তা কর্মসূচি) ও স্মার্ট-তাঁত প্রকল্পের ফোকাল পারসন মোসলেম উদ্দিন আহমেদ, সহকারী পরিচালক মো. সাইফুল ইসলাম ও কে. এম শহিদুল ইসলাম, জোনাল ম্যানেজার মো. গোলাম মোস্তফা ও মো. আমিনুল ইসলামসহ ৭ টি শাখার কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সমাপনি বক্তব্যে মোসলেম উদ্দিন আহমেদ সকলকে প্রকল্প বাস্তবায়নে সক্রিয় ও সচেষ্ট ভূমিকা পালন করতে আহ্বান জানান। দিনব্যাপি প্রশিক্ষণটি স্মার্ট প্রকল্পের ব্যবস্থাপক মো. আশরাফুজ্জামান, টেকনিক্যাল অফিসার মো. সাখাওয়াত হোসেন, এনভায়রনমেন্ট এন্ড আরইসিপি অফিসার মো. মোস্তাফিজুর রহমান, এবং এমআইএস এন্ড ডকুমেন্টেশন অফিসার অনন্ত মুরমু এর সহায়তায় পরিচালিত হয়। প্রশিক্ষণে ঋণ সহায়তা কর্মসূচির চ্যালেঞ্জ ও আরইসিপি বাস্তবায়নের চ্যালেঞ্জ মোকাবেলার বিভিন্ন কৌশল মোকাবেলার কর্ম পরিকল্পনা গ্রহণ করা হয়।

## সিআরইএ প্রকল্পের উদ্যোগে সেবাদানকারী প্রতিষ্ঠানের মতবিনিময় সভা

বেসরকারী উন্নয়ন সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) কর্তৃক বাস্তবায়িত কমিউনিটি ভিত্তিক জলবায়ু সহনশীলতা ও নারীর ক্ষমতায়ন (সিআরইএ) প্রকল্পের উদ্যোগে সেবাদানকারী প্রতিষ্ঠানের মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। সুইডেন সরকারের অর্থায়ন এবং মানুষের জন্য ফাউন্ডেশনের সহযোগিতায় বাস্তবায়িত প্রকল্পটির উদ্যোগে ০৯ অক্টোবর ২০২৪ তারিখে বেলকুচি উপজেলার কৃষক প্রশিক্ষন হলরুমে এ আয়োজন করা হয়। সভায় উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়, উপজেলা কৃষি সম্প্রসারণ কার্যালয়, উপজেলা যুব উন্নয়ন অফিস, সমাজসেবা অফিস ও প্রাণিসম্পদ কার্যালয়ের কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন।

মূলত সিরাজগঞ্জ জেলার বেলকুচি উপজেলার বড়ধূল ইউনিয়ন এবং রাজাপুর ইউনিয়নের নারীদল, পুরুষদল ও ইউনিয়ন ক্লাইমেট এ্যাকশন গ্রুপের সদস্যবৃন্দের সাথে সেবাদানকারী প্রতিষ্ঠানের যোগসূত্র প্রতিস্থাপনের লক্ষ্যে এই মতবিনিময় সভার আয়োজন করা হয়।

এসময় আলোচনার পাশপাশি প্রশ্ন ও উত্তর পর্ব অনুষ্ঠিত হয় এবং সমাপনী বক্তব্যে সরকারের সেবাদানকারী বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তাবৃন্দ এই আয়োজনকে সাধুবাদ জানান। অনুষ্ঠানে প্রকল্প সমন্বয়কারী মোছা. আকতারী বেগম, প্রকল্প কর্মকর্তা শারমিন আকতার, ফিল্ড ফ্যাসিলিটেটর মোছা. আকলিমা খাতুন উপস্থিত ছিলেন।



সেবাদানকারী প্রতিষ্ঠানের সাথে মতবিনিময় সভার অংশ বিশেষ

## নওগাঁয় ECCCP-Drought প্রকল্পের খরা সহনশীল কৃষি প্রশিক্ষণ সম্পন্ন



প্রশিক্ষণ প্রদান করছেন উপপরিচালক (কৃষি) মো. আবুল কালাম আজাদ

নওগাঁ সদর উপজেলার হাপানিয়া ইউনিয়ন পরিষদে খরা সহনশীল কৃষি ও ফল চাষ বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি), পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকে-এসএফ) ও গ্রীন ক্লাইমেট ফান্ড (জিসিএফ) এর অর্থায়নে Extended Community Climate Change Project-Drought (ECCCP-Drought) এর আওতায় প্রশিক্ষণের আয়োজন করা হয়।

১৯ ডিসেম্বর ২০২৪ তারিখে আয়োজিত এ প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নঁওগা জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক মো. আবুল কালাম আজাদ। এসময় তিনি বলেন খরা মোকাবিলায় এ ধরনের প্রশিক্ষণ অত্যন্ত গুরুত্বপূর্ণ। কৃষকদের সচেতনতা বৃদ্ধি ও জলবায়ু সহনশীল কৃষির প্রসারে সরকারি ও বেসরকারিভাবে এধরনের প্রশিক্ষণ আয়োজন করা প্রয়োজন। এছাড়াও হাপানিয়া ইউনিয়ন পরিষদের সদস্য মো. মিজানুর রহমান, এনডিপি ঋণ সহায়তা কর্মসূচির শাখা ব্যবস্থাপক মো. মাসুদুর রহমান, প্রকল্পের মনিটরিং ও ইভালুয়েশন অফিসার নানী গোপাল রায় এবং কমিউনিটি মোবিলাইজেশন অফিসার মো. রফিকুল ইসলাম উপস্থিত ছিলেন।

প্রশিক্ষণে খরা মোকাবিলায় অভিযোজন কৌশল, ভূগর্ভস্থ পানির প্রাপ্যতা বৃদ্ধি, খরা সহনশীল ধান (বিআরআরআই-৫৬, ৫৭, ৬৬, ৭১, ৮৩), গম (বারি গম-৩৩) ও ফল (ড্রাগন ফল, আম্রপালি আম, নারকেল, তরমুজ) চাষের আধুনিক পদ্ধতি সম্পর্কে আলোচনা করা হয়। এছাড়াও কৃষকদের জন্য সহজ ঋণ সুবিধা ও ফসল সংরক্ষণের টেকনিক শিখানো হয়। এসময় উপস্থিত কৃষকরা জানান, এই প্রশিক্ষণের মাধ্যমে তারা নতুন প্রযুক্তি ও খরা সহনশীল কৃষি কৌশল সম্পর্কে মূল্যবান তথ্য পেয়েছেন, যা তাদের ভবিষ্যৎ চাষাবাদে সহায়ক হবে।

## জেন্ডার এন্ড রাইটস কর্মসূচির উপজেলা আইন সহায়তা কমিটির সভা



উপজেলা আইন সহায়তা কমিটির সভার অংশ বিশেষ

এনডিপি এর নিজস্ব অর্থায়নে পরিচালিত জেন্ডার এন্ড রাইটস কর্মসূচির সহযোগিতায় এবং কামারখন্দ উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা আইন সহায়তা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। ২২ অক্টোবর ২০২৪ তারিখে কামারখন্দ উপজেলা পরিষদ সভা কক্ষে অনুষ্ঠিত সভায় উপজেলা আইন সহায়তা কমিটির সদস্যরা উপস্থিত ছিলেন। সভায় সভাপতিত্ব করেন কামারখন্দ উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা আইন সহায়তা কমিটির সদস্য সচিব শাহীন সুলতানা। সভায় বক্তব্য রাখেন কামারখন্দ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. মোখলেছুর রহমান, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিনা পারভীন এবং উপজেলা আইন সহায়তা কমিটির অন্যান্য সদস্যবৃন্দ। সভায় জেন্ডার এন্ড রাইটস কর্মসূচির আওতায় বিভিন্ন কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

এনডিপির জেন্ডার এন্ড রাইটস কর্মসূচির প্রোগ্রাম অফিসার সুরেশ চন্দ্র পাল সভায় উপস্থিত সদস্যদের সঙ্গে কর্মসূচির বিভিন্ন কার্যক্রম নিয়ে আলোচনা করেন। এদের মধ্যে ছিল: উঠান বৈঠক, কমিউনিটি মিটিং, ইয়ুথ গ্রুপ মিটিং, লিগ্যাল এইড কমিউনিটি ক্লিনিক, কমিউনিটি লিডারশীপ ওয়ার্কশপ, বাল্যবিবাহ প্রতিরোধ ক্যাম্পেইন ইত্যাদি। এছাড়া সভায় অভিযোগ গ্রহণ ও মিমাংসা প্রক্রিয়া নিয়ে আলোচনা করা হয়, যেখানে এনডিপি'র জেন্ডার এন্ড রাইটস কর্মসূচির মাধ্যমে স্থানীয় জনগণের আইনি সমস্যার দ্রুত সমাধান নিশ্চিত করার বিষয়ে গুরুত্ব দেওয়া হয়। বক্তারা এই কর্মসূচির কার্যক্রমের প্রশংসা করেন, বিশেষ করে এর মাধ্যমে বিভিন্ন সামাজিক সমস্যা যেমন নারী নির্যাতন, বাল্যবিবাহ, এবং বৈষম্যের বিরুদ্ধে যে কাজ করা হচ্ছে, সেটি অনেক প্রশংসনীয় বলে অভিহিত করেন।

## DHRNS প্রকল্পের উদ্যোগে হিউম্যান রাইটস ডিফেন্ডারস নেটওয়ার্কের ত্রৈমাসিক সভা

মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশন (এমএসএফ) এর সহযোগিতায় ডিফেন্ডিং হিউম্যান রাইটস থ্রো নেটওয়ার্ক স্টেন্দেনিং (ডিএইচআরএনএস) প্রকল্পের উদ্যোগে এইচআরডি নেটওয়ার্ক এর ত্রৈমাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। ২৯ ডিসেম্বর ২০২৪ তারিখে এনডিপি মাসুমপুর শাখা অফিস কার্যালয়ে সিরাজগঞ্জ এইচআরডি নেটওয়ার্কের সকল সদস্যদের নিয়ে সভাটি অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ জেলা লিগ্যাল এইড অফিসার ও সিনিয়র সহকারী জজ সাদ্দাম হোসেন।




বক্তব্য দিচ্ছেন সিরাজগঞ্জ জেলা লিগ্যাল এইড অফিসার ও সিনিয়র সহকারী জজ সাদ্দাম হোসেন

সভায় সভাপতিত্ব করেন সিরাজগঞ্জ জেলার এইচআরডি নেটওয়ার্ক এর সহকারী কনভেনার হেলাল আহমেদ। সভা পরিচালনা করেন এনডিপির প্রতিবন্ধিতা ও শিক্ষা কর্মসূচির উপব্যবস্থাপক ও মানবাধিকার কর্মী শিপন চন্দ্র নাগ। এতে অক্টোবর ২০২৪ থেকে ২৮ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত সিরাজগঞ্জ জেলায় মানবাধিকার লংঘন জনিত ঘটনা নিয়ে আলোচনা করা হয়। তার মধ্যে উল্লেখযোগ্য বেলকুচি উপজেলার দেলুয়া গ্রামের ১৩ বছরের মেয়েকে ভারতে পাচার ও বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের ঘটনা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। তাছাড়া গত সভার রেজুলেশনটি পাঠ করে শুনানো হয় এবং বিস্তারিত আলোচনার পর রেগুলেশনের সিদ্ধান্ত সমূহ যথাযথ ভাবে বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। সভায় সিরাজগঞ্জ এইচআরডি নেটওয়ার্কের সদস্য নরেশ চন্দ্র ভৌমিক, মোস্তাক আহমেদ নওশাদ, এ্যাডঃ শামীমা ইয়াসমিন রিমা, মাকসুদা খাতুন সহ অনেকেই বক্তব্য রাখেন। সভার প্রধান অতিথি এই কার্যক্রমের প্রশংসা করে বলেন মানবাধিকার লংঘন জনিত ঘটনার সত্য উদঘাটন করার জন্য এইচআরডি নেটওয়ার্ক গুরুত্ব সহকারে কাজ করছে। তিনি আরো বলেন মানবাধিকার নিশ্চিত করার লক্ষ্যে আমরা সকলে নিজ নিজ জায়গা থেকে সক্রিয় ভূমিকা রাখার জন্য উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করে এবং প্রধান অতিথির পক্ষ থেকে এইচআরডি নেটওয়ার্ককে সার্বিক সহযোগিতা করবেন বলে আশ্বস্ত করেন। তাছাড়া তিনি এইচআরডি নেটওয়ার্কের একজন সদস্য বলে দাবি করেন।

## ইআরসিসিপি প্রকল্পের উপকারভোগীদের সেলাই মেশিন প্রশিক্ষণ



সেলাই মেশিন প্রশিক্ষণের অংশ বিশেষ

ক্লাইমেট ব্রিজ ফান্ড (সিবিএফ) এর অর্থায়নে ব্র্যাক ও কেএফডব্লিউ এর সহযোগিতায় বাস্তবায়িত ইনহ্যান্স রেজিলিয়েন্স ক্যাপাসিটি অব দ্যা ক্লাইমেট ইনডিউসড পিপল (ইআরসিসিপি) প্রকল্পের আওতায় সেলাই মেশিন প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। ১৮ ডিসেম্বর ২০২৪ তারিখে শহরের শশান ঘাট এলাকায় প্রশিক্ষণের শুভ উদ্বোধন করেন সিরাজগঞ্জ জেলা যুব উন্নয়ন কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আজহারুল ইসলাম। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ সদর উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মীর মোঃ শফি ও সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মোঃ আতিকুর রহমান। এছাড়াও প্রকল্প ব্যবস্থাপক মোঃ ইউসুফ আলীসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

বেসরকারী উন্নয়ন সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) ও সিরাজগঞ্জ জেলা যুব উন্নয়ন কার্যালয়ের যৌথ উদ্যোগে প্রকল্পের ৩০ জন অংশগ্রহণকারীকে এ প্রশিক্ষণ প্রদান করা হয়। এনডিপি ও সিরাজগঞ্জ জেলা যুব উন্নয়ন কার্যালয়ের যৌথ প্রচেষ্টায়, এই প্রকল্পের মাধ্যমে আরো বেশি মানুষকে আয়ের সুযোগ এবং দক্ষতা অর্জনের সুযোগ দেওয়া হবে, যা তাদের আত্মনির্ভরশীলতা অর্জনে সহায়ক ভূমিকা পালন করবে।

উল্লেখ্য ইআরসিসিপি প্রকল্পটি সিরাজগঞ্জ পৌরসভার ০৩টি ওয়ার্ডে ২ হাজার জন উপকারভোগী নিয়ে নিয়মিতভাবে কার্যক্রম বাস্তবায়ন করছে। দক্ষতা উন্নয়ন মূলক কর্মকান্ডের পাশপাশি অর্থ সহায়তা প্রদান এবং বিভিন্ন সরকারী দপ্তরের সাথে যোগসূত্র স্থাপনের মাধ্যমে বিভিন্ন গুরুত্বপূর্ণ কার্যক্রম বাস্তবায়ন করছে।

## বাংলাদেশে গরু ছাগলের ব্র্যান্ড সৃষ্ঠি প্রোগ্রামের উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমিটির মিটিং ও কৃষি মেশিনারি বিতরণ


উপকারভোগীদের মেশিন হস্তান্তর করছেন উল্লাপাড়া উপজেলা ভেটেরিনারি সার্জন ডাঃ শামীম আখতার

হেইফার ইন্টারন্যাশনালের অর্থায়নে এবং ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর বাস্তবায়নে “বাংলাদেশে গরু-ছাগলের নিরাপদ মাংসের ব্র্যান্ড সৃষ্টিকরণ” প্রকল্পের আওতায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমিটির মিটিং ও কৃষি মেশিনারি বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। ১১ নভেম্বর ২০২৪ তারিখে উল্লাপাড়ায় প্রকল্প কার্যালয়ে আয়োজিত এ অনুষ্ঠানে উল্লাপাড়া ও রায়গঞ্জ উপজেলার প্রকল্পভুক্ত ১১টি সমবায় সমিতির মাঝে ৫৩টি কৃষি মেশিনারি বিতরণ করা হয়। এর মধ্যে ছিল ৪৫টি ঘাস কাটার মেশিন, ৩টি ধান/চাল গুঁড়া মেশিন, ৪টি ধান মাড়াই মেশিন ও ১টি সাইলেজ মেশিন। এসব মেশিনারিজ বিতরণের মূল লক্ষ্য হলো সমবায় সমিতিগুলোকে একটি ব্যবসায়িক প্রতিষ্ঠানে পরিণত করা এবং কৃষকদের উৎপাদনশীলতা ও আয় বৃদ্ধিতে সহায়তা করা।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এনডিপি’র পরিচালক ড. এ বি এম সাজ্জাদ হোসেন। উপস্থিত ছিলেন উল্লাপাড়া উপজেলা ভেটেরিনারি সার্জন ডাঃ শামীম আখতার, উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা মোঃ রাহাত হোসেন, উপজেলা সমবায় কর্মকর্তা মোঃ মারুফ হোসেন, হেইফার ইন্টারন্যাশনালের প্রতিনিধি ড. ওমর ফারুকসহ বিভিন্ন সরকারি-বেসরকারি পর্যায়ের কর্মকর্তাবৃন্দ এবং সমবায় সমিতির নেতৃবৃন্দ। প্রকল্পের সমন্বয়কারী আবু আনেশ ইউসুফ (এনডিপি) প্রকল্পের উদ্দেশ্য ও চলমান কার্যক্রম নিয়ে আলোচনা করেন। উপজেলা কর্মকর্তারা তাদের বক্তব্যে এনডিপি’র এই কার্যক্রমকে স্বাগত জানান এবং সমবায় সমিতিগুলোকে মেশিনারিগুলো সঠিকভাবে ব্যবহারের আহ্বান জানান।

সভাপতি তাঁর বক্তব্যে হেইফার ইন্টারন্যাশনালকে ধন্যবাদ জানান এবং সমবায় সমিতিগুলোর উন্নয়নের জন্য মেশিনারিগুলোর যথাযথ ব্যবস্থাপনার ওপর গুরুত্বারোপ করেন। তিনি প্রকল্পের কর্মকর্তাদের নিয়মিত মনিটরিং করার পরামর্শ দেন যাতে এসব উপকরণ যথাযথভাবে ব্যবহৃত হয় এবং সমিতির আয় বৃদ্ধিতে সহায়তা করে। অনুষ্ঠান শেষে উপজেলা পর্যায়ের কর্মকর্তাবৃন্দ সমবায় সমিতির নেতৃবৃন্দের হাতে কৃষি মেশিনারি আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করেন।

## প্রবীণ কর্মসূচির উদ্যোগে সিরাজগঞ্জে ৩৪ তম আন্তর্জাতিক প্রবীণ দিবস উদযাপন

সিরাজগঞ্জ জেলা প্রশাসন ও জেলা সমাজসেবা কার্যালয় এর আয়োজন এবং এনডিপি’র সার্বিক সহযোগিতায় ৩৪ তম আন্তর্জাতিক প্রবীণ দিবস উদযাপন করা হয়েছে। দিবসটিকে কেন্দ্র করে ০১ অক্টোবর, ২০২৪ তারিখে র‍্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়। শহিদ এ. কে শামসুদ্দিন সম্মেলন কক্ষে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন সিরাজগঞ্জ জেলার অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) গনপতি রায়। "মর্যাদাপূর্ণ বার্ধক্যঃ বিশ্বব্যাপী প্রবীণ পরিচর্যা ও সহায়তা ব্যবস্থা শক্তিশালী করণ" প্রতিপাদ্য বিষয় নিয়ে এবারের দিবসটি উদযাপন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক (ভারপ্রাপ্ত) মোহাম্মদ তোফাজ্জল হোসেন।

সভায় স্বাগত বক্তব্য প্রদান করেন জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক মোহাম্মদ হাবিবুর রহমান খাঁন। এছাড়াও অনুষ্ঠানে বক্তব্য রাখেন জেলা ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা কর্মকর্তা মোঃ আকতারুজ্জামান, এনডিপির প্রবীণ কল্যাণ কর্মসূচির সদস্য গাজী নূর মোহাম্মদ, সিরাজগঞ্জ এনজিওর পক্ষ থেকে বক্তব্য রাখেন এনডিপির প্রতিবন্ধিতা ও শিক্ষা কর্মসূচির উপব্যবস্থাপক শিপন চন্দ্র নাগ, প্রবীণ হিতৈষী সংঘের সভাপতি মোঃ আরশাদ হোসেন, প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের মোঃ আবুল হাসেম। দিবসটি যথাযথভাবে উদযাপনের জন্য সার্বিকভাবে সহযোগিতা করেন জেলা সমাজসেবা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ মনিরুল ইসলাম, এনডিপির প্রবীণ কল্যাণ কর্মসূচির প্রোগ্রাম অফিসার সুরেশ চন্দ্র পালসহ এনডিপির প্রবীন কল্যাণ কর্মসূচির সকল সদস্যদের সক্রিয় অংশগ্রহণের মধ্য দিয়ে দিবসটি সম্পন্ন হয়।



প্রবীণ দিবসে আয়োজিত র‍্যালি

## দুর্যোগ ঝুঁকি হ্রাসকরণ (ডিআরআর) প্রকল্পের মাটির রাস্তা উন্নয়ন পরিদর্শন


পরিবর্শন করছেন উলিপুর উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) আতাউর রহমান

২৯ ডিসেম্বর ২০২৪ তারিখে কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলার হাতিয়া ইউনিয়নে অবস্থিত মাটির রাস্তা উন্নয়নের কাজ পরিদর্শন করেন কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) আতাউর রহমান। উন্নয়ন কাজটি বিশ্ব খাদ্য কর্মসূচি (ডব্লিউএফপি) এর সহযোগিতায় এবং ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) কর্তৃক বাস্তবায়িত দুর্যোগ ঝুঁকি হ্রাসকরণ (ডিআরআর) প্রকল্পের আওতায় চলমান ছিল।

পরিদর্শনকালে উপজেলা নির্বাহী অফিসারসহ হাতিয়া ইউনিয়নের জনপ্রতিনিধি, প্রকল্প বাস্তবায়ন কমিটি এবং সুশীল সমাজের প্রতিনিধিদের সঙ্গে উপস্থিত ছিলেন। তিনি রাস্তার উন্নয়নকাজের পরিস্থিতি নিয়ে বিস্তারিত আলোচনা করেন এবং স্থানীয় জনগণের মতামত গ্রহণ করেন। বিশেষ করে, রাস্তার দুই পাশের জনগণ, যারা এই উন্নয়ন কার্যক্রমের সরাসরি উপকারভোগী, তাদের সঙ্গে মতবিনিময় করেন। এই মতবিনিময়ের মাধ্যমে তিনি স্থানীয় জনগণের দাবি এবং পরামর্শ শুনে কাজের মান এবং প্রয়োজনীয়তাগুলি মূল্যায়ন করেন।

মতবিনিময়ের সময় উপস্থিত সকলে রাস্তা উন্নয়নের কাজের মান নিয়ে সন্তোষজনক মত প্রকাশ করেন এবং তারা বলেন যে, এই নতুন রাস্তা উন্নয়নের ফলে তাদের যাতায়াত ব্যবস্থা অনেক সহজ এবং নিরাপদ হয়েছে। এর ফলে, দুর্যোগের সময় যোগাযোগের ক্ষেত্রে অনেক সুবিধা হয়েছে, যা তাদের দৈনন্দিন জীবনযাত্রা এবং কৃষি কাজেও সহায়ক হয়েছে। বিশেষ করে, ভারী বর্ষণ কিংবা বন্যার সময় রাস্তা পানিতে তলিয়ে যাওয়ার ঘটনা কমে যাবে, ফলে দূরবর্তী অঞ্চলের সঙ্গে যোগাযোগে কোনো বাধা সৃষ্টি হবে না।

এছাড়াও, উপস্থিত সকলে এনডিপি এর কর্মকাণ্ড এবং প্রকল্প বাস্তবায়নে তাদের অসাধারণ ভূমিকা এর ভূয়সী প্রশংসা করেন।

## প্রাণিসম্পদ খাতের আওতায় গাভী পালন বিষয়ক প্রশিক্ষণ




বক্তব্য দিচ্ছেন সিরাজগঞ্জ জেলার সাবেক জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ গৌরাঙ্গ কুমার তালুকদার

গবাদি প্রাণি লালন পালনকারী খামারিদের সক্ষমতা বৃদ্ধি ও উত্তম ব্যবস্থাপনা চর্চা নিশ্চিতকরণে দুই দিন ব্যাপী অনাবাসিক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। এনডিপি'র প্রাণিসম্পদ খাতের আওতায় শিয়ালাকোল শাখায় প্রশিক্ষণটি অনুষ্ঠিত হয়। এতে প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ জেলার সাবেক জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ গৌরাঙ্গ কুমার তালুকদার, সিরাজগঞ্জ সদর উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ আলমগীর হোসেন ও ভেটেরিনারি সার্জন ডাঃ মোঃ শামিম আক্তার। প্রশিক্ষকবৃন্দ গাভীর জাত সম্পর্কে ধারনা দেওয়া, গাভীর বাসস্থান ও খাদ্য বিষয়ক আলোচনা, কৃমিণাশক ও টিকা বিষয়ক আলোচনা, গাভীর রোগ ও প্রতিকার বিষয়ক আলোচনা করেন। এসময় তাত্ত্বিক জ্ঞানের পাশাপাশি খামার বিষয়ক ব্যবহারিক জ্ঞান শেখাতে হাতে কলমে টিএমআর ও ইউএমএস বানানো, ফিতার সাহায্যে প্রাণির ওজন মাপার কৌশল, খামার জৈব নিরাপত্তা শেখানো, ওলান প্রদাহ রোগ নির্ণয়সহ ইত্যাদি শেখানো হয়। এছাড়াও প্রশিক্ষণে সার্বিক সহায়তা প্রদান করেন সফল খামারী রিন্টু ঘোষ এবং এনডিপির প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ মোঃ সাজ্জাদ হোসেন।

প্রশিক্ষণের পাশাপাশি খামারীদের বাজার উন্নয়ন এবং বিভিন্ন সেবা দানকারী প্রতিষ্ঠানের সাথে যোগসূত্র স্থাপনের লক্ষে আলোচনা করা হয়, যা তাদের অর্থনৈতিক ও পেশাগত উন্নয়নের জন্য গুরুত্বপূর্ণ। এর মাধ্যমে খামারীরা শুধুমাত্র প্রশিক্ষণ লাভ করেন না, বরং তারা বিভিন্ন সেবা (যেমন বাজার প্রবেশ, প্রযুক্তিগত সহায়তা, অর্থায়ন, উপকরণ সরবরাহ ইত্যাদি) লাভ করতে পারেন যা তাদের উৎপাদনশীলতা বাড়াতে সাহায্য করে এবং বাজারে প্রতিযোগিতামূলক সুবিধা প্রদান করে। এসময় এনডিপি ফিডের উপ ব্যবস্থাপক মোতাহার হোসেন, রেনাটা এনিমেল হেলথের সিরাজগঞ্জ জেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা রাজিবুল হোসেন, এনডিপি শিয়ালকোল শাখার ব্যবস্থাপক বেলাল হোসেন, কৃষি ইউনিটের প্রাণিসম্পদ খাতের সহকারি প্রাণিসম্পদ কর্মকর্তা মোঃ সবুজ হোসেন উপস্থিত ছিলেন।

উল্লেখ্য দেশের প্রাণিসম্পদের উৎপাদন বৃদ্ধি এবং খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে প্রাণিসম্পদ কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট অধিক সংখ্যক খামারীদের দোরগোড়ায় প্রয়োজনীয় তহবিল এবং লাগসই প্রাণিসম্পদ ভিত্তিক প্রযুক্তি ও সেবাসমূহ পৌছানোর উদ্দেশ্যকে সামনে রেখে পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর রুপরেখা অনুযায়ী এনডিপি বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করে আসছে।

## SRSP প্রকল্পের উদ্যোগে সিরাজগঞ্জে সচেতনতামূলক বন্যা প্রস্তুতি ও সাড়াদান মহড়া

এনডিপি বাস্তবায়িত Shock Responsive Protection (SRSP) প্রকল্পের আওতায় সচেতনতামূলক বন্যা প্রস্তুতি ও সাড়াদান মহড়া অনুষ্ঠিত হয়েছে। ১৫ ডিসেম্বর ২০২৪ তারিখে সিরাজগঞ্জ জেলার সদর সদর উপজেলার খোকশাবাড়ী ইউনিয়নের আজিজিয়া হাফিজিয়া দাখিল মাদ্রাসার মাঠ প্রাঙ্গনে এ আয়োজন করা হয়। বন্যা প্রস্তুতি ও সাড়াদান মহড়াটি বিভিন্ন ইভেন্টের মাধ্যমে বন্যা প্রস্তুতি সম্পর্কে স্থানীয় সর্ব সাধারণকে অবগত করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনডিপি'র উপ-পরিচালক (মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন) এবং প্রকল্প ফোকাল পারসন কাজী মাসুদুজ্জামান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন খোকশাবাড়ী ইউনিয়ন পরিষদের প্রশাসনিক কর্মকর্তা ও উপজেলা কৃষি কর্মকর্তা মোঃ সাঈদি রহমান।

এছাড়াও স্থানীয় জনপ্রতিনিধি মো. বখতিয়ার ফিরোজ ও মোঃ আব্দুল মজিদ, ইউপি সদস্য শাহিদা পারভীন, পল্লী চিকিৎসক (প্রাণিসম্পদ অধিদপ্তর) মোঃ সুলতান মাহমুদ, পরিদর্শক পরিবার পরিকল্পনা অধিদপ্তর মোঃ শরিফুল ইসলাম এবং আজিজিয়া হাফিজিয়া দাখিল মাদরাসার সুপার মোঃ আব্দুর রহমান উপস্থিত ছিলেন। অনুষ্ঠান পরিচালনা করেন এনডিপির প্রতিবন্ধিতা ও শিক্ষা কর্মূচির উপব্যবস্থাপক শিপন চন্দ্র নাগ। অনুষ্ঠানে আগত অতিথিবৃন্দ এমন কর্মসূচি গ্রহণের জন্য এনডিপিকে ধন্যবাদ জানান। একইসাথে বন্যা প্রবণ প্রত্যেকটি ইউনিয়নে এধরনের সচেতনতামূলক কর্মসূচি বাস্তবায়নের জন্য এনডিপি ও বিশ্ব খাদ্য কর্মসূচির দৃষ্টি আর্কষণ করেন।




বক্তব্য দিচ্ছেন সিরাজগঞ্জ সদর উপজেলা কৃষি কর্মকর্তা মোঃ সাঈদি রহমান

## কৈশোর কর্মসূচির উঠান বৈঠক



উঠান বৈঠকের অংশ বিশেষ

বেসরকারি উন্নয়ন সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর কৈশোর কর্মসূচি সিরাজগঞ্জ সদর উপজেলায় সফলভাবে বাস্তবায়িত হচ্ছে, যার সহযোগী সংস্থা পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)। "মেধা ও মননে সুন্দর আগামী" এই প্রতিপাদ্য বিষয় নিয়ে সম্প্রতি কৈশোর কর্মসূচির আওতায় মেন্টর ও কিশোর-কিশোরী সদস্যদের নিয়ে একটি উঠান বৈঠক অনুষ্ঠিত হয়।

এ বৈঠকটি সিরাজগঞ্জ সদর উপজেলার বিভিন্ন এলাকার কিশোর-কিশোরী এবং তাদের মেন্টরদের উপস্থিতিতে আয়োজন করা হয়। বৈঠকে সামাজিক সচেতনতা, বাল্যবিবাহ, যৌন হয়রানি, মাদক বা তামাকজাতীয় দ্রব্য পরিহার, মোবাইলের অনৈতিক ব্যবহার, বই পড়া, বৃক্ষ রোপণ, সহমর্মিতা, বয়ঃসন্ধিকাল, স্বাস্থ্য, পুষ্টি, পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা, নিয়মিত খেলা ধুলা, হিংসা বিদ্বেষ না করা, সবার সাথে সুসম্পর্ক বজায় রাখা ইত্যাদি গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

এনডিপি'র উপজেলা প্রোগ্রাম অফিসার মোছাঃ আরিফা সুলতানা বৈঠকটি পরিচালনা করেন এবং কিশোর-কিশোরী সদস্যদেরকে বিভিন্ন সামাজিক, মনস্তাত্ত্বিক, এবং স্বাস্থ্য বিষয়ক সচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে গুরুত্বপূর্ণ তথ্য প্রদান করেন। তিনি বিশেষভাবে বাল্যবিবাহ, যৌন হয়রানি, মাদকাসক্তি, এবং মোবাইল ব্যবহারের নেতিবাচক প্রভাব নিয়ে আলোচনা করেন এবং এসব সমস্যা থেকে নিজেদের মুক্ত রাখতে কিশোর-কিশোরীদের উৎসাহিত করেন। পাশাপাশি, বই পড়া, সুস্থ জীবনযাপন এবং একে অপরের প্রতি সহমর্মিতা দেখানোর গুরুত্বও তুলে ধরেন।

## রেইজ প্রকল্পের শিক্ষানবিশি প্রশিক্ষণ



শিক্ষানবিশি প্রশিক্ষণে অংশগ্রহণকারী তরুণ ও তরুণী

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডশন (পিকেএসএফ) এর অর্থায়নে পরিচালিত রেইজ প্রকল্পের আওতায় নিম্ন আয়ের পরিবারভুক্ত তরুনদের শিক্ষানবিশি কর্মসূচির মাধ্যমে টেকসই কর্মে সম্পৃক্তের লক্ষ্যে সিরাজগঞ্জ, নাটোর এবং বগুড়া জেলার প্রকল্পভুক্ত শাখার আওতায় প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হচ্ছে। প্রশিক্ষণার্থীদের থাই এ্যান্ড এ্যালুমিনিয়াম ফেব্রিকেশন, ওয়েল্ডিং এ্যান্ড ফেব্রিকেশন, ইলেকট্রিক্যাল ইনস্টলেশন এ্যান্ড মেইন্টেন্যান্স, এসি-ফ্রিজ সার্ভিসিং, মোটরসাইকেল সার্ভিসিং, মোবাইল ফোন সার্ভিসিং, গ্রাফিক্স ডিজাইন এন্ড মাল্টিমিডিয়া, ওয়েবপেইজ ডেভেলপমেন্ট, ডিজিটাল মার্কেটিং, বিউটিফিকেশন ও স্মল ইঞ্জিনিয়ারিং সহ যাবতীয় বিষয়ে ৬ মাস মেয়াদি হাতে-কলমে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। মে-অক্টোবর ২০২৪ মেয়াদে সংশিষ্ট ট্রেডের ২৮ জন ক্রাফটসপার্সন/ওস্তাদের মাধ্যমে ২৮ জন তরুনী এবং ৩২ জন তরুন, সর্বমোট ৬০ জন ৬মাস মেয়াদী এ কারিগরি প্রশিক্ষনের পাশাপাশি ০৫ দিনের জীবন দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ গ্রহণ করেন। সেই সাথে তাদেরকে প্রশিক্ষণ ভাতা এবং পরবর্তীতে উদ্যোক্তা হিসেবে গড়ে উঠতে কাউন্সেলিং ও কর্মসংস্থান সৃষ্টিতে আগ্রহী তরুনদের ঋণ সহায়তা প্রদান করা হয়েছে।

দেশে তরুণ শ্রমশক্তি বাড়লেও তাদেরকে যথাযথোভাবে কাজে লাগানো যাচ্ছে না। পর্যাপ্ত কারিগরি দক্ষতার ঘাটতি, শ্রমবাজারের চাহিদা ও সরবরাহের মধ্যে বড় ধরনের অসামঞ্জস্যতা এবং বিপুলসংখ্যক শিক্ষিত তরুন-তরুনী প্রতি বছর শ্রমবাজারে যুক্ত হলেও সে অনুপাতে সরকারি-বে-সরকারি খাতে কর্মসংস্থানের পর্যাপ্ত সুযোগ সৃষ্টি না হওয়া দেশের উন্নয়ন যাত্রার প্রধান অন্তরায়। দেশের তরুনদের মধ্যে অধিকাংশই অদক্ষ ও স্বল্প দক্ষ, যার ফলে তারা কাঙ্খিত মজুরি এবং শোভন কাজ হতে বঞ্চিত। তাদের জীবন দক্ষতা এবং মনো-সামাজিক কাউন্সিলিং খুবই গুরুত্বপূর্ণ। ছোট উদ্যোগকে নিম্ন-কারিগরি প্রযুক্তি চক্র ও তরুনদেরকে স্বল্পমজুরি চক্র হতে বের করে আনার জন্য পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের অর্থায়নে এনডিপি রেইজ প্রকল্পের মাধ্যমে যাবতীয় কাজ বাস্তবায়ন করছে। তরুনদের জীবন দক্ষতা উন্নয়নের পাশাপাশি আধুনিক প্রযুক্তিগত জ্ঞান সমৃদ্ধ কারিগরি দক্ষতা উন্নয়নের মাধ্যমে দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি ও মানব সম্পদ উন্নয়নে সহায়ক ভুমিকা রাখতে সহায়ক হবে।

## সমৃদ্ধি কর্মসূচী : প্রবীণ জনগোষ্ঠির জীবনমান উন্নয়ন ও যুব সমাজের উন্নয়ন কার্যক্রম

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর আর্থিক সহায়তায় সমৃদ্ধি কর্মসূচীর সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। ২৯ ডিসেম্বর ২০২৪ তারিখে নাটোর জেলার গুরুদাসপুর উপজেলার খুবজীপুর ইউনিয়ন পরিষদ হলরুমে এ আয়োজন করা হয়। সভায় প্রবীণ জনগোষ্ঠির জীবনমান উন্নয়ন ও যুব সমাজের উন্নয়নে কর্মসূচির বিভিন্ন কার্যক্রম নিয়ে উপজেলা সমন্বয় সভা অনুষ্ঠিত হয়।

এতে খুবজীপুর ইউনিয়নের প্রবীণ সদস্যবৃন্দ, এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ, যুব প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। সভায় সভাপতিত্ব করেন ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মো. মনিরুল ইসলাম দোলন। এসময় তিনি পিকেএসএফ এবং এনডিপিকে ধন্যবাদ জানান, যারা খুবজীপুর ইউনিয়নে শিক্ষা, স্বাস্থ্যসেবা এবং অন্যান্য উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়ন করতে সাহায্য করছেন। তিনি সুষ্ঠভাবে সকল কার্যক্রম বাস্তবায়নসহ যে কোন চ্যালেঞ্জ মোকাবেলায় সকলকে নিজ নিজ অবস্থান থেকে সহায়তা প্রদানের আহ্বান জানান এবং উপজেলা সমন্বয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

সভায় সমৃদ্ধি কর্মসূচীর প্রোগ্রাম সমন্বয়কারী মো. কছিম উদ্দিন কর্মসূচির লক্ষ্য ও উদ্দেশ্য তুলে ধরে বলেন, "খুবজীপুর ইউনিয়নের ১০টি গ্রামের মানব সক্ষমতা বৃদ্ধি এবং তিনটি প্ল্যাটফর্ম গঠনের মাধ্যমে কৈশোর কার্যক্রম, উন্নয়নে যুব সমাজ কার্যক্রম ও প্রবীণ জনগোষ্ঠির জীবনমান উন্নয়ন কার্যক্রম সুবিন্যস্ত ও টেকসইভাবে পরিচালিত হবে।"




খুবজীপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান
মো. মনিরুল ইসলাম দোলন

উন্মুক্ত আলোচনায় খুবজীপুর ইউনিয়নের ১, ২, ৩ নং সংরক্ষিত ওয়ার্ডের ইউপি সদস্য মোছা. জোৎস্না বেগম বলেন, "আমরা অত্যন্ত গর্বিত যে, নাটোর জেলার মধ্যে আমাদের ইউনিয়নে এনডিপি সমৃদ্ধি কর্মসূচী বাস্তবায়ন করছে। তাই এই কর্মসূচির বাস্তবায়নে যে কোন চ্যালেঞ্জ মোকাবেলায় আমরা সার্বিক সহযোগিতা প্রদান করব।"

## উচ্চফলনশীল আগাম টমেটো চাষে সবুরের সাফল্য



কৃষি ইউনিটের উপকারভোগী মো. আব্দুস সাত্তার

সিরাজগঞ্জ জেলার কামারখন্দ উপজেলার ভদ্রঘাট ইউনিয়নের নুরনগর গ্রামের সুরাইয়া খাতুনের স্বামী আব্দুস সবুর চরম দরিদ্র পরিবারে জন্মগ্রহণ করেন। দিনমজুরের পাশাপাশি গত ৩-৪ বছর ধরে তিনি অল্প জমি লিজ নিয়ে কৃষি কাজ করছেন, তবে আধুনিক কৃষি সম্পর্কে তার কোনো ধারণা ছিল না। ফলে সবজি চাষ করেও তেমন লাভ করতে পারছিলেন না।

সুরাইয়া এনডিপি মাইক্রো ক্রেডিটের সদস্য হওয়ায় পিকেএসএফ-এর আর্থিক ও কারিগরি সহায়তায় এনডিপির সমন্বিত কৃষি ইউনিট থেকে প্রদর্শনীর জন্য অনুদান পান। এরপর আব্দুস সবুর আধুনিক প্রযুক্তিতে প্রশিক্ষণ নিয়ে ২২ শতক জমিতে উন্নত জাতের টমেটো চাষ করেন। পরিবেশবান্ধব পদ্ধতিতে জৈব সার, ফেরোমন ফাঁদ, হলুদ ও নীল স্টিকি কার্ড ব্যবহার করে সফলভাবে চাষ করেন।

প্রথম বছরেই ৩৬,০০০ টাকা খরচ করে ২,১২,০০০ টাকার টমেটো বিক্রি করেন, নীট লাভ হয় ১,৭৬,০০০ টাকা। তার সাফল্য দেখে গ্রামের অন্যান্য কৃষকও টমেটো চাষে আগ্রহী হয়েছেন। সুরাইয়া এনডিপিকে ধন্যবাদ জানিয়ে জানান, এই লাভের টাকা দিয়ে তিনি গরু কিনবেন ও আরও জমি লিজ নেবেন।

# এনডিপি বার্তা

অক্টোবর-ডিসেম্বর, ২০২৪ । সংখ্যা ৪২ । বর্ষ ১৬

## মা ও শিশু সহায়তা কর্মসূচির কার্যক্রম পরিদর্শন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহিলা বিষয়ক অধিপ্তর এর আওতায় বাস্তবায়িত মা ও শিশু সহায়তা কর্মসূচির কার্যক্রম পরিদর্শন করেছেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের একটি প্রতিনিধি দল। ২০ থেকে ২৩ ডিসেম্বর ২০২৪ তারিখে রাজশাহী জেলার গোদাগাড়ী উপজেলায় এনডিপি কর্তৃক বাস্তবায়িত মা ও শিশু সহায়তা কর্মসূচির কার্যক্রম পরিদর্শন করেন। এসময় উপস্থিত ছিলেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মোহাম্মদ মোখলেসুর রহমান, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উপ-সচিব এলিশ শরমিন, মহিলা বিষয়ক অধিদপ্তরের সহকারী পরিচালক (মা ও শিশু সহায়তা কর্মসূচি) ফ্লোরা ইয়াসমিন, মহিলা বিষয়ক অধিদপ্তর-রাজশাহী এর উপ-পরিচালক শবনম শিরিন, বিশ্ব খাদ্য কর্মসূচি'র মাসিং নিউয়ার ও ও মোহাম্মদ মামুনুর রশিদ।

এসময় প্রতিনিধি দলটি দেওপাড়া ইউনিয়নে একটি গম্ভীরা প্রচারাভিযান পরিদর্শন করেন, যেখানে নাটক ও গানের মাধ্যমে MCBP-র লক্ষ্য, যোগ্যতার মানদণ্ড, অনলাইন আবেদন প্রক্রিয়া এবং মাতৃ ও শিশু পরিচর্যার গুরুত্ব সম্পর্কে সচেতনতা তৈরি করা হয়। এরপর প্রতিনিধি দল মোহনপুর ইউনিয়ন পরিষদে গিয়ে MCBP উপকারভোগীদের অনলাইন নিবন্ধন প্রক্রিয়া পর্যবেক্ষণ করেন। এখানে Union Digital Centre (UDC) এর মাধ্যমে গর্ভবতী নারীরা নিজ উদ্যোগে অনলাইনে আবেদন করতে পারেন। পরবর্তী সময়ে MCBP ইউনিয়ন কমিটির সাথে একটি বৈঠক অনুষ্ঠিত হয়। এ কমিটি উপকারভোগীদের তথ্য পর্যালোচনা করে সুপারিশ প্রদান করে, যা পরবর্তী ধাপে উপজেলা কমিটির কাছে পাঠানো হয়। প্রতিনিধি দলটি ২য় দিনে মাটিকাটা ইউনিয়নে পুষ্টি BCC (Behaviour Change Communication) সেশন পরিদর্শন করেন। এখানে ০-৪ বছর বয়সী শিশুদের পুষ্টি, স্বাস্থ্য পরিচর্যা এবং মানসিক বিকাশে সামাজিক যোগাযোগের ভূমিকা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা হয়। এরপর প্রতিনিধি দল উপকারভোগীদের বাড়িতে পরিদর্শন করেন এবং পবা উপজেলায় প্রশাসন ও উপকারভোগীদের সাথে বৈঠক করেন।



উপকারভোগীদের সাথে মতবিনিময় করছেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মোহাম্মদ মোখলেসুর রহমান

উল্লেখ্য জাতিসংঘ বিশ্ব খাদ্য কর্মসূচির (ডব্লিউএফপি) কারিগরি সহযোগিতায় বাংলাদেশ সরকারের মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক মা ও শিশু সহায়তা কর্মসূচি বাস্তবায়ন করছে। দেশের ৮টি বিভাগে বাস্তবায়ন সহযোগী সংস্থা হিসেবে কাজ করছে দেশের অন্যতম বেসরকারী উন্নয়ন সহযোগী সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)।



### কনফারেন্স রুম ও ট্রেনিং রুম ভাড়া

- সভা কক্ষ (এসি) : ৮,০০০.০০ টাকা
- প্রশিক্ষণ কক্ষ (এসি) : ৪,০০০.০০ টাকা

### খাবারের মূল্য তালিকা

| | |
|---|---|
| সকালের নাস্তা | : ৭০ টাকা (রুটি/পরটা/খিচুড়ি, মিক্সড ভেজিটেবল/ডাল, ডিম ও চা) |
| লাঞ্চ/ডিনার | : (১৯০ টাকা প্লেন রাইস, চিকেন/মাটন/ফিস, মিক্সড ভেজিটেবল এবং ল্যান্টল সুপ) |
| নাস্তা | : ৩০ টাকা (সিঙ্গারা/সামুচা, কেক ও চা) |
| চা | : ১০ টাকা (প্রতি কাপ) |
| কফি | : ৩০ টাকা (প্রতি কাপ) |
| কোমল পানীয় | : ৬০ টাকা (২৫০ মিলি ক্যান)/ ৩০ টাকা (২৫০ মিলি বোতল) |
| দই | : ৪৫ টাকা (১০০ গ্রাম) |
| মিনারেল ওয়াটার | : ২০ টাকা (৫০০ মিলি বোতল) |

সরকারি বিধি মোতাবেক ভ্যাট ও সার্ভিস চার্জ যুক্ত হবে।
আলোচনা সাপেক্ষে যে কোন স্পেশাল ডিস সার্ভ করা হয়।

### ডাইনিং সুবিধা

৯০ জন গেষ্ট ধারণ ক্ষমতা সম্পন্ন একটি সুসজ্জিত ডাইনিং রুম এবং ৩৬ জন গেষ্ট ধারণ ক্ষমতা সম্পন্ন শীতাতপ নিয়ন্ত্রিত একটি ডাইনিং রুম।

### ডরমেটরী

| | | | |
|---|---|---|---|
| সুপার ডিলাক্স | : | ৪,৫০০.০০ | টাকা (কুইন বেড) |
| ডিলাক্স (এসি) কক্ষ | : | ২,০০০.০০ | টাকা (ডাবল বেড) |
| লাক্সারি (এসি) কক্ষ | : | ১,৫০০.০০ | টাকা (সিঙ্গেল বেড) |
| এসি (ভিআইপি) কক্ষ | : | ১,২০০.০০ | টাকা (ডাবল বেড) |
| সাধারণ কক্ষ (নন এসি) | : | ৬০০.০০ | টাকা (ডাবল বেড) |

### বুকিং সুবিধা ঃ

প্রশিক্ষণ সুবিধার জন্য ১৫ দিন আগে বুকিং করা যায়। লিখিত বুকিং অগ্রাধিকার দেওয়া হয়। ই- মেইলএ যোগাযোগ করা যেতে পারে। বুকিং বাতিল করতে ন্যূনতম ৭ দিন আগে জানাতে হবে।

### অন্যান্য সুবিধা ঃ

- কম্পিউটার / ল্যাপটপ
- মাল্টিমিডিয়া প্রোজেক্টর
- সাউন্ড সিস্টেম
- ইন্টারনেট
- টেলিফোন
- ফটোকপি ও বাইন্ডিং
- গাড়ি ভাড়া

### যোগাযোগ ঃ

ব্যবস্থাপক (প্রশিক্ষণ কেন্দ্র)

এনডিপি প্রধান কার্যালয়, বাগবাড়ি, শহীদ নগর, কামারখন্দ, সিরাজগঞ্জ-৬৭০৩
টেলিফোন: ০৯৬৩৯১০০৬০০, মোবাইল ঃ ০১৭১৩-৩৮৩১০৬
ই-মেইল: tcm@ndpbd.org | ওয়েবসাইট : www.ndpbd.org